# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Jaistha 26, 1433 Bangla, June 09, 2026, Tuesday, No. 154, 56th year

# H I G H L I G H T S

Today is World Accreditation Day - Prime Minister in a message on occasion has said, accreditation is a powerful tool to sustain country's industrial sector in global competition. [R. Today: 19]

Education Minister has declared that results of SSC & its equivalent examinations will be published on July 20. [BBC: 03]

Health Minister has assured that government will not refrain from taking decisions regarding deaths of six newborn babies at Ad-Din Hospital. [R. Today: 20]

Home Minister has informed that government has taken initiative to amend cyber security act to check spreading of rumor and misinformation. [R. Today: 23]

BGB has denied the claim of West Bengal Chief Minister stating that 4,800 illegal immigrants have been sent back to Bangladesh. [BBC: 03; DW: 10]

Government has suspended licenses of three recruiting agencies for allegedly sending Bangladeshi workers to Russia with promise of work and involving them in Ukraine war. [R. Today: 23]

Eight more children have died from measles-like symptoms in country. [BBC: 03]

At least 32 people have died after a powerful earthquake strikes in southern Philippines. [BBC: 24]

EU member states have imposed sanctions on Iran over restriction of naval traffic in Strait of Hormuz. [BBC: 09]

| | | |
|---|---|---|
| **Director: 44813046** | **Deputy News Controller: 44813048<br>44813179** | **Assistant News Controller: 44813047<br>44813178** |

**দৈনিক মনিটরিং রিপোর্ট**

**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**

**জ্যৈষ্ঠ ২৬, বাংলা ১৪৩৩, জুন ০৯, ২০২৬, মঙ্গলবার, নং- ১৫৪, ৫৬তম বছর**

# শিরোনাম

আজ ‵বিশ্ব অ্যাক্রেডিটেশন দিবস , এ উপলক্ষ্যে দেও য়া বাণী তে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, অ্যাক্রেডিটেশন দেশের শিল্পখাতকে বৈশ্বিক প্রতিযোগিতায় টিকিয়ে রাখার শক্তিশালী হাতিয়ার। [রে. টুডে: ১৯]

আগামী ২০ জুলাই এ বছরের এসএসসি ও সমমান পরীক্ষার ফল ঘোষণা করা হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী । [বিবিসি: ০৩]

রাজধানীর আদ-দ্বীন হাসপাতালে ছয় নবজাতকের মৃত্যুর ঘটনায় সিদ্ধান্ত নিতে পিছপা হবে না সরকার, মন্তব্য স্বাস্থ্যমন্ত্রীর। [রে. টুডে: ২০]

সামাজিক যোগাযোগমাধ্যমে গুজব ও অপতথ্য রোধে সাইবার সুরক্ষা আইন সংশোধনের উদ্যোগ নে ওয়া হচ্ছে, বললেন স্বরাষ্ট্রমন্ত্রী। [রে. টুডে: ২৩]

পশ্চিমবঙ্গ থেকে প্রায় ৪ হাজার ৮০০ জন সন্দেহভাজন অনুপ্রবেশকারীকে বাংলাদেশে ফেরত পাঠানো হয়েছে বলে দাবি করেছেন রাজ্যের মুখ্যমন্ত্রী, বিজিবির প্রত্যাখ্যান। [বিবিসি:০৩; ডয়চে ভেলে: ১০]

কাজের প্রতিশ্রুতি দিয়ে বাংলাদেশি কর্মীদের রাশিয়ায় পাঠানোর পর ইউক্রেন যুদ্ধে সম্পৃক্ত করার অভিযোগে তিনটি রিক্রুটিং এজেন্সির লাইসেন্স স্থগিত করেছে সরকার। [রে. টুডে: ২৩]

দেশে হামের উপসর্গ নিয়ে আরও আট শিশুর মৃত্যু। [বিবিসি: ০৪]

দক্ষিণ ফিলিপাইনের উপকূলে শক্তিশালী ভূমিকম্পে অন্তত ৩২ জন নিহত । [বিবিসি: ২৪]

হরমুজ প্রণালিতে নৌযান চলাচলে বাধা সৃষ্টির কারণে ইরানের ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছে ইউরোপীয় ইউনিয়নের সদস্য রাষ্ট্রসমূহ। [বিবিসি: ০৯]

# বিবিসি

## হামে শিশু মৃত্যুতে অধ্যাপক ইউনূসহ পাঁচজনের বিরুদ্ধে করা মামলা খারিজ করেছেন ঢাকার আদালত

হাম ও এর উপসর্গে শিশুদের মৃত্যু `দায়িত্বে চরম অবহেলার, কারণে হয়েছে, বিগত অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস এবং সাবেক স্বাস্থ্য উপদেষ্টা নূ রজাহান বেগমসহ পাঁচজনের বিরুদ্ধে করা মামলার আবেদন খারিজ করে দিয়েছেন ঢাকার একটি বিচারিক আদালত। কিশোরগঞ্জ-৫ আসনের সংসদ সদস্য মজিবুর রহমান ইকবাল এই মামলাটি দায়ের করেছিলেন। সোমবার ঢাকার একটি বিচারিক আদালত শুনানি শেষে এই মামলার আবেদনটি খারিজ করে দিয়েছেন। রাষ্ট্র পক্ষের আইনজীবী মো. শামসুদ্দোহা সুমন বিষয়টি বিবিসি বাংলাকে নিশ্চিত করেছেন। মি . সুমন বলেন, "পর্যাপ্ত উপাদান না থাকায় আদালত মামলাটি খারিজ করে দিয়েছেন। টাইম অব অকারেন্স এবং প্লেস অব অকারেন্স এসব মামলার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ। কিন্তু মামলায় কোনো স্থান না দে ওয়ায় বাদীপক্ষের শুনানি শেষে আদালত তা আমলে নেননি। „ তিনি জানান, এই মামলার আবেদনে করা একটি অভিযোগ দুর্নীতি দমন কমিশনের এখতিয়ারে পড়ে। সেটি বিচার করার ক্ষমতা এই আদালতের নেই। ফলে আদালত মামলাটি খারিজ করে দিয়েছেন বলে জানান রাষ্ট্রপক্ষের এই আইনজীবী। মামলার আবেদনে অধ্যাপক ইউনূস এবং নূরজাহান বেগম ছাড়া সাবেক প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী অধ্যাপক মুহাম্মদ সায়েদুর রহমান , স্বাস্থ্য মন্ত্রণালয়ের সাবেক সচিব মো . সাইদুর রহমান এবং স্বাস্থ্য অধিদপ্তরের সাবেক মহাপরিচালক অধ্যাপক মো . আবু জাফরকে আসামি করা হয়েছে। বাংলাদেশে গেল মার্চ মাস থেকে হাম ও এর উপসর্গে ছয়শ-এর বেশি শিশুর মৃত্যু হয়েছে।

(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৬.২০২৬ আলী আহমেদ)

## `পুশ-ব্যাক, নিয়ে আলোচনা দিল্লিতে বিএসএফ-বিজিবির বৈঠকে

ভারত-বাংলাদেশ সীমান্ত নিয়ে ভারতের বর্ডার সিকিউরিটি ফোর্স (বিএসএফ) ও বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) মহাপরিচালক পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হচ্ছে ভারতের রাজধানী দিল্লিতে। ৫৭তম কনফারেন্সে বিএসএফকে নেতৃত্ব দিচ্ছেন বাহিনীর ডিজি প্রবীণ কুমার ও বিজিবিকে নেতৃত্ব দিচ্ছেন ডিজি মেজর জেনারেল আফরুজ্জামান সিদ্দিকী। আজ ৮ জুন থেকে শুরু হয়ে ১১ জুন পর্যন্ত এই কনফারেন্স চলবে। ভারতের তরফে জানানো হয়েছে, চারদিনের কনফারেন্সে অনুপ্রবেশ সংক্রান্ত আলোচনা , ভারতীয় নাগরিকদের ওপর আক্রমণ , আন্তঃসীমান্ত অপরাধ, সীমান্তে বেড়া দেওয়ার প্রক্রিয়া, বাংলাদেশের ভারত বিরোধী গোষ্ঠীগুলির বিরুদ্ধে পদক্ষেপ সুনিশ্চিত করা, দুদেশের মধ্যে পারস্পরিক সম্পর্কের উন্নতি নিয়ে আলোচনা করা হবে। সম্প্রতি পশ্চিমবঙ্গে বিজেপি সরকার গঠনের পর পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন, নাগরিকত্ব সংশোধনী আইনের আওতায় পড়েন না এমন ইতোমধ্যেই ৪৮০০ জন কথিত অনুপ্রবেশকারীকে বাংলাদেশে পাঠিয়ে দেওয়া হয়েছে। আরও ৮৩৬ জন হোল্ডিং সেন্টারে রয়েছেন, যাদের সীমান্তের ওপারে `পুশ-ব্যাক, করবে পশ্চিমবঙ্গ সরকার। ভারত যাদের অনুপ্রবেশকারী বলে মনে করছে , তাদের ফেরত পাঠানোর প্রক্রিয়া নিয়ে বৈঠকে আলোচনা হবে বলেও ধারণা করা হচ্ছে। অন্যদিকে ভারত থেকে 'পুশ-ইনের' চেষ্টার অভিযোগ তুলে সীমান্তে কড়াকড়ি বাড়িয়েছে বিজিবি। সংস্থাটি জানিয়েছে, বিএসএফের কয়েক দফা 'পুশ-ইন' চেষ্টা তারা ঠেকিয়ে দিয়েছে। পহেলা জুন যশোরের শার্শা উপজেলার বেনাপোল সীমান্ত দিয়ে একরকম ঠেলে পাঠানো ১০-১৩ জনকে সীমান্তের শূন্য রেখায় দেখা গিয়েছিল। যদিও পরে আবার তাদের সরিয়ে নিয়ে যাওয়া হয়। মঙ্গলবা র বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ সচিবালয়ে প্রেস ব্রিফিংয়ে বলেছেন , "ভারতের কেন্দ্রীয় সরকার জাতীয় পরিচয়পত্র যাচাইয়ের মাধ্যমে কোনো তালিকা পাঠালে আইন অনুযায়ী রিপ্যাট্রিয়েশন প্রক্রিয়া অনুসরণ করা হবে কিন্তু এখন পর্যন্ত তেমন কোনো তালিকা সরকার পায়নি।„ তিনি আরও বলেছেন, "বর্ডারে আমাদের বিজিবি অ্যালার্ট আছে। আমরা যে-কোনো ধরনের ইল্লিগ্যাল `পুশ-ইন, বা `পুশ-ব্যাক, এগুলোর বিপক্ষে।„

(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৬.২০২৬ আলী আহমেদ)

## এসএসসি ও সমমান পরীক্ষার ফল ঘোষণা করা হবে২০ জুলাই

আগামী ২০ জুলাই এ বছরের এসএসসি ও স মমান পরীক্ষার ফল ঘোষণা করা হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। সোমবার সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে এ কথা জানান তিনি। ২০২৬ সালের এসএসসি ও সমমানের পরীক্ষা চলে ২১ এপ্রিল থেকে ২০ মে পর্যন্ত। এখন চলছে ব্যাবহারিক পরীক্ষা। এ বছর এসএসসি ও সমমানের পরীক্ষায় মোট পরীক্ষার্থী ছিল ১৮ লাখ ৫৭ হাজারের বেশি।

(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৬.২০২৬ আলী আহমেদ)

## হাম ও এর উপসর্গে গত ২৪ ঘণ্টায় আট শিশুর মৃত্যু

হাম ও এর উপসর্গে গত ২৪ ঘণ্টায় আট শিশু মারা গেছে। বাংলাদেশের স্বাস্থ্য অধিদপ্তর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানিয়েছে। এতে বলা হয়েছে, রোববার সকাল আটটা থেকে মঙ্গলবার সকাল আটটা পর্যন্ত, গত ২৪ ঘণ্টায় হামে একজনের মৃত্যু হয়েছে। একই সময়ে , হামের উপসর্গ নিয়ে মারা গেছেন সাতটি শিশু। হামের উপসর্গ নিয়ে কেবল

ঢাকায়ই তিনজন মারা গেছে। এছাড়া রাজশাহী , সিলেট, চট্টগ্রাম, ময়মনসিংহ এবং রং পুরে একজন করে পাঁচজন হামের উপসর্গে মারা গেছে। গত ১৫ই মার্চ থেকে এখন পর্যন্ত হামে ৯২ জন এবং এর উপসর্গ নিয়ে ৫৩৬ জন মারা গেছে বলে জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। এর ফলে ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত বাংলাদেশে হামে আক্রান্ত হয়ে বা উপসর্গ নিয়ে মোট ৬২৮টি শিশুর মৃত্যু হয়েছে। (বিবিসি ওয়েব পেজ : ০৮.০৬.২০২৬ আলী আহমেদ)

## ২০২৫ সালের তুলনায় আমাদের সময়ে অপরাধ অনেক কম প্রত্যেকটা ক্যাটাগরিতে: স্বরাষ্ট্রমন্ত্রী

২০২৫ সালের তুলনায় বিএনপি সরকারের সময়ে এ বছর দেশের অপরাধ পরিস্থিতির উন্নতি হয়েছে বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালা হউদ্দিন আহমেদ। সোমবার সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে এ কথা বলেন তিনি। ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের, আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে করা এক প্রতিবেদনের সূত্র ধরে সাংবাদিকরা তাকে দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে প্রশ্ন করেন। স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দি ন আহমেদ বলেন, "আমার কাছে সেই রিপোর্টটা সামনে নেই। আমরা মাস ভিত্তিতে অপরাধের একটা স্টেটমেন্ট করে থাকি। যে ডাকাতি , খুন, হত্যা, ধর্ষণ এগুলো জাতীয়ভাবে কতটা প্রতি মাসে এবং বছরওয়ারি কতটা। আমাদের তো বছর হয় নাই , তিন মাস। আমরা কমপেয়ার করি তার আগের বছরের উক্ত মাসে কী হয়েছে। তো আমার কাছে কয়দিন আগে একটা স্টেটমেন্ট এসেছিল অন্য একটা বিষয়ে কথা বলার জন্য।„ সরকারি ওই প্রতিবেদনের কথা উল্লেখ করে তিনি দাবি করেন , বিগত বছরের একই সময়ের তুলনায় এই বছরের অপরাধ পরিস্থিতির বেশ উন্নতি হয়েছে। মি . আহমেদ বলেন, "সেখানে আমি দেখেছি ২০২৫ সালের তুলনায় অপরাধের চিত্র আমাদের সময়ে অনেক বেশি আমরা উন্নতি লাভ করেছি , অনেক অপরাধ কম প্রত্যেকটা ক্যাটাগরিতে। যদি মাসিক হিসাব করি ২০২৫ সাল বা ২০২৪ সালের সাথে তো তুলনাই চলে না।„ তবে টিআইবির প্রতিবেদনের কথা সাংবাদিকরা আবারও উল্লেখ করলে তিনি সেটি নিয়ে কথা বল তে চাননি। তিনি বলেন, টিআইবি রিপোর্ট করে পত্রিকার কাটিং এর ওপরে। টিআইবি কোনো তদন্ত করে না। প্রকৃত ঘটনা জাজ করে টিআইবি স্টেটমেন্ট দেয় না। আমাদের সামনে যেটা আছে , সেটা হলো পুলিশের অপরাধ চিত্র। সেই অপরাধ চিত্রটা জেলা থেকে আমরা কালেক্ট করি, এটা আমাদের রুটিন ওয়ার্ক এবং সেটা প্রকৃত তথ্য।
(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৬.২০২৬ আলী আহমেদ)

## ইরানের হামলার জবাবে ইসরায়েলের হাইফা পেট্রোকেমিক্যাল শিল্পে হামলা চালানো হয়েছে

ইসরায়েলের হাইফা পেট্রোকেমিক্যাল শিল্পে হামলা চালিয়েছে ইরান। দেশটির ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোর (আইআরজিসি) এক বিবৃতিতে জানিয়েছে, ইরানের পেট্রোকেমিক্যাল শিল্পে ইসরায়েলের হামলার জবাবে এই হামলা চালানো হয়েছে। বিবৃতিতে বলা হয়েছে , বেসামরিক জনগণকে লক্ষ্যবস্তু এবং তেল স্থাপনাকে লক্ষ্য করা একটি "ঝুঁকিপূর্ণ খেলা,„ যা এই অঞ্চলের জ্বালানি অবকাঠামোকে হুমকির মুখে ফেলে। আইআরজিসির বিবৃতিতে ইরানের কোন পেট্রোকেমিক্যাল শিল্পে ইসরায়েল হামলা চালিয়েছে , সেটি নির্দিষ্ট করে নাম উল্লেখ করা হয়নি। তবে , ইরানের কারুন মাহশাহর পেট্রোকেমিক্যাল প্ল্যান্ট ইসরায়েলি হামলার শিকার হয়েছিল। পেট্রোকেমিক্যাল স্পেশাল ইকোনমিক জোন অর্গানাইজেশনের জন সংযোগ শাখা এক বিবৃতিতে জানিয়েছে , "কারুন পেট্রোকেমিক্যাল কোম্পানিতে দুইটি আঘাত লেগেছে।„ তবে, এতে কেউ আহত হয়নি এবং ক্ষয়ক্ষতির পরিমাণ তদন্ত করে দেখা হচ্ছে। এর আগে ইসরায়েল জানিয়েছিল, তারা মাহশাহর পেট্রোকেমিক্যাল স্থাপনার "একাধিক লক্ষ্যবস্তুতে„ হামলা চালিয়েছে। হামলার পর, মাহশাহর স্পেশাল ইকোনমিক জোন অর্গানাইজেশনের জনসংযোগ বিভাগ এক বিবৃতিতে জানায় , "পেট্রোকেমিক্যাল স্পেশাল ইকোনমিক জোনের সিনিয়র কমান্ড অফ প্যাসিভ ডিফেন্স অ্যান্ড ক্রাইসিস ম্যানেজমেন্টের „ সিদ্ধান্ত অনুযায়ী ওই জোনে দিনের বেলায় কর্মরত সকল কর্মচারীদের জ রুরি ভিত্তিতে সরিয়ে নেওয়া হয়েছে। কারুন পেট্রোকেমিক্যাল কোম্পানি ২০০২ সালে ইরানের প্রথম "জ্ঞানভিত্তিক„ পেট্রোকেমিক্যাল কোম্পানি হিসেবে প্রতিষ্ঠিত হয়। এই কোম্পানির ওয়েবসাইটে প্রকাশিত পরিসংখ্যান অনুযায়ী, এটি বার্ষিক দুই লাখ টনেরও বেশি পেট্রোকেমিক্যাল পণ্য উৎপাদন করে। (বিবিসি ওয়েব পেজ : ০৮.০৬.২০২৬ আলী আহমেদ)

## বিশেষ বরাদ্দে বৈষম্যের অভিযোগ বিরোধী দলের

দুর্যোগ মন্ত্রণালয় থেকে দেওয়া ত্রাণের বরাদ্দ কেবল সরকারি দলের সংসদ সদস্যদের আসনগুলোতে দেওয়া হয়েছে , বিরোধী দলের কোনো সংসদ সদস্যের আসনে দেওয়া হয়নি বলে জাতীয় সংসদে অভিযোগ করেছেন সংসদ সদস্য এবং জাতীয় নাগরিক পার্টির সদস্য সচিব আখতার হোসেন। সোমবার ত্রয়োদশ জাতীয় সংসদের বাজেট ও দ্বিতীয় অধিবেশনে এ কথা বলেন তিনি। মি . হোসেন বলেন, "আসলে কী আমাদের বাংলাদেশের যে দুর্যোগের যে ম্যাপ , সেটাতে কি কোনোরকম পরিবর্তন এসেছে ? আমরা দেখলাম, দুর্যোগ মন্ত্রণালয় থেকে বরাদ্দ করা হলো সেটা ৩০ এপ্রিল হয়েছে।„ "সেটা শুধুমাত্র সরকারি দলের যারা আসনপ্রাপ্ত হয়েছেন , তাদের আসনগুলোতে শুধু বরাদ্দ দেওয়া হয়েছে, বিরোধী দলের যারা আছেন , তাদের কারো আসনে বরাদ্দগুলো দেওয়া হয়নি। যদি এরকম হয়ে থাকে যে, বাংলাদেশে যখন দুর্যোগগুলো আসবে, তখন শুধু সরকারি দলের যেই আসনগুলো আছে , সেই আসনেই শুধু আসবে কিন্তু বিরোধী দলের আসনে দুর্যোগ আসবে না , তাহলে কিন্তু একভাবে হতে পারতো ,„ বলেন মি. হোসেন। দুর্যোগ

আসলে সবাই সাফারার হয় উল্লেখ করে তিনি বলেন , "কিন্তু দুর্যোগগুলো যখন আসে, মাননীয় মন্ত্রী মহোদয়, তখন কিন্তু আপনার আসনেও আসে , তখন আমাদের আসনেও কিন্তু দুর্যোগগুলো আসে। তখন সবাই সাফারার হই। সরকারি দল, বিরোধী দল বিভাজন করে কিন্তু দুর্যোগগুলো আসে না। „ তিনি জানান, গত ৩০ এপ্রিল যে বরাদ্দ দেওয়া হয়েছে, তাতে ৮৫ লাখ টাকা করে এবং ৯০ টন করে চাল-গম বরাদ্দ করা হয়েছে। মি. হোসেন বলেন, "সেটা শুধুমাত্র সরকারি দলের যে এমপিরা আছেন বা সরকার দলের যে আসনগুলা আছে , সেখানেই সেটা বরাদ্দ করা হয়েছে। কিন্তু বিরোধী দলের কোনো আসনেই এই অর্থ এবং এই যে চাল -গম সেটা বরাদ্দ করা হয় নাই। „ বিষয়টি বিরোধী দলের আসনের সাধারণ নাগরিকের প্রতি চূড়ান্ত বৈষম্য বলেও উল্লেখ করেন তিনি। "চব্বিশের পরে এরকম বৈষম্যমূলক কোনো নীতি বাংলাদেশে চলতে পারে বলে আমরা মনে করি না,„ বলেন মি. হোসেন।
(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৬.২০২৬ আলী আহমেদ)

## বাংলাদেশে `পুশ-ইনের, বিষয়ে ভারতকে ১২ থেকে ১৩টি চিঠি দেওয়া হয়েছে: পররাষ্ট্র প্রতিমন্ত্রী

বাংলাদেশে ভারতের `পুশ-ইনের, চেষ্টার বিষয়ে দিল্লিকে ১২ থেকে ১৩টি চিঠি দেওয়া হয়েছে বলে জানিয়েছেন বাংলাদেশের পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ। সোমবার দুপুরে পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের এক প্রশ্নে এ কথা বলেন তিনি। তিনি জানান , অবৈধ অভিবাসীদের নাগরিকত্ব যাচাই করে ফেরত আনার বিষয়ে দুই দেশেরই প্রক্রিয়া রয়েছে। মিজ ওবায়েদ বলেন, "আমাদের যখন কোনো নাগরিক ইল্লিগ্যালি কোনো দেশে যায়, তাকে নাগরিকত্ব যাচাই-বাছাই করে ফেরত আনার একটা প্রক্রিয়া আছে। একটা মেকানি জম আছে , যেইটা বাংলাদেশও ফলো করে বাংলাদেশের জায়গা থেকে , ভারত ফলো করে ভারতের জায়গা থেকে। „ `পুশ-ইনের, মাধ্যমে কাউকে বাংলাদেশে ঠেলে দেওয়া গ্রহণযোগ্য না বলে উল্লেখ করেন তিনি। মিজ ওবায়েদ বলেন , "সেই মেকানিজমটা ফলো করে এই `পুশ-ইন, প্রক্রিয়ার মাধ্যমে কাউকে ঠেলে দেওয়া হয়, সেইটা কিন্তু একেবারেই গ্রহণযোগ্য না। ইতোমধ্যেই আমরা ১২ থেকে ১৩টা চিঠি দিয়েছি দিল্লিকে। ভারতে চিঠি দেওয়া হয়েছে পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে। „ পররাষ্ট্র প্রতিমন্ত্রী জানান , বাংলাদেশের সীমান্তে বিজিবি সজাগ আছে এবং "কোনোভাবেই আমরা এটা অ্যালাউ করছি না ।„ যদি বাংলাদেশি কোনো নাগরিক ভারতে অবস্থান করে থাকে ফেরত আনতে হবে উল্লেখ করে প্রতিমন্ত্রী জানান , ইতোমধ্যেই চেন্নাই থেকে ৩৪ জন নাগরিককে ফেরত আনা হয়েছে। পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন , "বাংলাদেশে যদি ভারতীয় কোনো ইল্লিগ্যাল সিটিজেন থাকে বা ভারতে যদি বাংলাদেশে র কোনো ইল্লিগ্যাল সিটিজেন থাকে , তাদেরকে ফেরত আনাটা আমাদের ভারতীয়দের ফেরত দেওয়ার একটি মেকানিজম বিদ্যমান আছে।„ "সেই বিদ্যমান মেকানিজমটা, ডিপ্লোমেসিটা অবলম্বন করেই ভারতকে আমাদের সাথে কাজ করতে হবে এবং কথা বলতে হবে এবং বাংলাদেশও সেটা করবে। আমরা যতরকম ডিপ্লো মেটিক নর্ম আছে , আমরা সেটা ফলো করছি ,„ বলেন মিজ ওবায়েদ। যখনই `পুশ-ইনের, ঘটনার রিপোর্ট আসছে তখনই বাংলাদেশ ভারতকে চিঠি দিচ্ছে বলেও জানান তিনি। একইসঙ্গে ভারত সরকার যথাযথ প্রক্রিয়া অবলম্বন করে সমস্যার সমাধান করবে বলে আশা প্রকাশ করেন তিনি। অন্যথায় বিষয়টি বাংলা দেশ-ভারত সম্পর্কেও প্রভাব ফেলবে বলে মনে করেন তিনি। "আমরা আশা করবো , ভারত সরকার এটা সিরিয়াসলি নেবে এবং যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে, যথাযথ মেকানিজম এবং ডিপ্লোমেসির মাধ্যমে এই কাজটি তারা সমাধান করবে। কোনোভাবেই এই `পুশ-ইনের, মাধ্যমে যদি তারা করে , তাহলে অবশ্যই সেটা আমাদের জন্য ভালো হবে না ,„ বলেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ।(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৬.২০২৬ আলী আহমেদ)

## ইসরায়েল ও ইরানকে পাল্টাপাল্টি হামলা বন্ধ করতে বললেন ট্রাম্প

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন , ইসরায়েল ও ইরানকে অবিলম্বে পরস্প রের ওপর হামলা বন্ধ করতে হবে। সামাজিক যোগাযোগ মাধ্যম ট্রুথ সোশ্যালে দেওয়া একটি পোস্টে তিনি লিখেছেন , ইসরায়েল পাল্টা হামলা চালানোর আগে ডোনাল্ড ট্রাম্প একাধিক মার্কিন গণমাধ্যমে দেওয়া বক্তব্যে বলেছেন , তিনি ইসরায়েলি প্রধানমন্ত্রী নেতানিয়াহুকে অনুরোধ করেছিলেন যেন তারা তারা ইরানি হামলার জবাব না দেন। পরে আরেকটি পোস্টে ট্রাম্প দাবি করেছেন, শান্তি নিয়ে চূড়ান্ত আলোচনা চলছিল , কিন্তু 'অবজ্ঞা বা বোকামি সেটার জন্য বাধা হয়ে দাঁড়িয়েছে '। তিনি লিখছেন, "ইসরায়েল ও ইরান , উভয়পক্ষই দ্রুত একটি যুদ্ধবিরতি করতে চায়। „ " অবরোধ পুরোদমে এবং পুরো শক্তিতে কার্যকর থাকবে, যতদিন না একটি চূড়ান্ত চুক্তি হয়। পুরো বিষয়টি দ্রুত হয়ে যাওয়া উচিত,„ তিনি লিখেছেন।
(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৬.২০২৬ আলী আহমেদ)

## 'পুশ-ইন-পুশ-ব্যাক' ইস্যুতে ভারত বাংলাদেশ সম্পর্ক উন্নয়ন চেষ্টা কী ক্ষতির মুখে

বাংলাদেশের উত্তরাঞ্চলীয় জেলা কুড়িগ্রামের রৌমারী সীমান্তে গতকাল রোববার গভীর রাতে আরও একটি `পুশ-ইন, চেষ্টা ঠেকিয়ে দেওয়ার কথা জানিয়েছে বর্ডার গার্ড বাংলাদেশ বা বিজিবি। অন্যদিকে বাংলাদেশের ভেতরে ঠেলে দিতে টানা কয়েকদিন চেষ্টা করেও ব্যর্থ হওয়ার পর পঞ্চগড় ও ঠাকুরগাঁওয়ের মশালগাঁও সীমান্তে জড়ো করা ব্যক্তিদের ভারতের ভেতরে সরিয়ে নিয়েছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী - বিএসএফ। এমন প্রেক্ষাপটের মধ্যেই বিএসএফ ও বিজিবির মহাপরিচালক পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হচ্ছে ভারতের রাজধানী দিল্লিতে। ওদিকে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু

অধিকারী জানিয়েছেন , নাগরিকত্ব সংশোধনী আইনের আওতায় পড়েন না এমন ইতোমধ্যেই ৪৮০০ জন কথিত অনুপ্রবেশকারীকে বাংলাদেশে পাঠিয়ে দেওয়া হয়েছে। এক অনুষ্ঠানে তিনি বলেছেন, আরও ৮৩৬ জন হোল্ডিং সেন্টারে রয়েছেন, যাদের সীমান্তের ওপারে 'পুশ-ব্যাক' করবে পশ্চিমবঙ্গ সরকার। কিন্তু প্রশ্ন উঠছে যে , বাংলাদেশে ফেব্রুয়ারির নির্বাচনের মাধ্যমে নতুন সরকার ক্ষমতায় আসার পর যখন উভয় দেশের সরকারই দ্বিপাক্ষিক সম্পর্ক উন্নয়নে আগ্রহ ব্যক্ত করছে, তখন হুট করে বাংলাদেশের সাথে ভারতের পশ্চিমবঙ্গ অঞ্চলের সীমান্তে এত `পুশ-ইনের, চেষ্টা হচ্ছে কেন। আবার এই প্রশ্নও উঠছে, সরকারের দিক থেকে `পুশ-ইন, চেষ্টার ইস্যুটিকে যথাযথ গুরুত্ব দিয়ে দেখা হচ্ছে কি-না। সাবেক কূটনীতিক ও কূটনৈতিক বিশ্লেষকরা বলছেন , তিস্তার পানি বণ্টন ও গঙ্গার পানি চুক্তিসহ বেশ কিছু গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনার প্রস্তুতি নিচ্ছে বাংলাদেশ ও ভারত। তার আগে দরকষাকষির ক্ষেত্রে চাপ তৈরির জন্যই পুশ ইনের ঘটনা বাড়তে পারে বলে মনে করছেন তারা। ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে আজ সোমবার পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ জানিয়েছেন, `পুশ-ইন, বন্ধ করার জন্য ভারতকে বাংলাদেশ সরকারের তরফ থেকে **১২** থেকে **১৩**টি চিঠি দেওয়া হয়েছে।

"ভারত সরকার যদি এগুলো সিরিয়াসলি নেয় , তাহলে দুই দেশের সম্পর্ক এগিয়ে নেওয়া সহজ হবে ,„ `পুশ-ইনের, ঘটনাগুলোর কারণে দুই দেশের সম্পর্ক পুনরুদ্ধার চেষ্টা ব্যাহত হবে কি -না এমন প্রশ্নের জবাবে বলেছেন তিনি। এর আগে বিজিবির এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছিল , "আন্তর্জাতিক সীমান্ত ব্যবস্থাপনা , বিদ্যমান আইন ও দ্বিপক্ষীয় সমঝোতার পরিপন্থি যে-কোনো `পুশ-ইন, প্রচেষ্টা কঠোরভাবে প্রতিহত করা হবে।„

**`পুশ-ইন, হঠাৎ বাড়লো কেন**

বাংলাদেশে ২০২৪ সালের আগস্টে শেখ হাসিনা সরকারের পতনের পর ক্ষমতায় আসা অন্তর্বর্তী সরকারের সময়ে বাংলাদেশ-ভারত সম্পর্কের দৃশ্যত অবনতি ঘটেছিল। দুই পক্ষেই ভিসা কার্যক্রম স্থগিত ছাড়াও তখন দুই দেশেরই রাজনীতিবিদদের একাংশের বক্তব্য - পাল্টা বক্তব্যে টানাপড়েন বেড়ে গিয়েছিল। এমনকি তখন দুই দেশেই হাইকমিশনার সামনে বিক্ষোভের ঘটনায় হাইকমিশনারদের পাল্টাপাল্টি তলবের ঘটনাও ঘটেছে। চলতি বছরের ফেব্রুয়ারিতে বিএনপি সরকার ক্ষমতায় আসার পর উভয় দেশের তরফ থেকেই আবার সম্পর্ক উন্নয়ন বা স্বাভাবিক করার দিকে অগ্রসর হওয়ার আগ্রহ প্রকাশ পেতে শুরু করে। দুই দেশের পররাষ্ট্রমন্ত্রীদের সফর ও প্রধানমন্ত্রীদের মধ্যে ফোনালাপসহ নানা উদ্যোগও দেখা গেছে গত তিন মাসে। কিন্তু এর মধ্যেই গত মাসের শুরু থেকে সীমান্তে বিএসএফের একের পর এক `পুশ-ইন, চেষ্টা নতুন আলোচনার জন্ম দিয়েছে। বিজিবি গত বৃহস্পতিবার সকালে সংবাদ বিজ্ঞপ্তি দিয়ে জানিয়েছে , তারা ২৪ ঘণ্টায় অন্তত দশটি জায়গায় এ ধরনের চেষ্টা প্রতিহত করেছে। বিশেষ করে ঝিনাইদহে যাদবপুর সী মান্ত, মহেশপুর সীমান্ত, যশোরের গোগা ও রোদ্রপুর সীমান্ত , জয়পুরহাটের কয়া ও বাসুদেব সীমান্ত, চাঁপাইনবাবগঞ্জ সীমান্ত, ঠাকুরগাঁও সীমান্ত, নেত্রকোনা সীমান্ত, পঞ্চগড় সীমান্ত, সিলেটের উৎমাছড়া সীমান্ত এ ধরনের ঘটনা ঘটেছে বলে বিজিবি জানিয়েছে। পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্র বলছে, সীমান্ত নিয়ে সরকারের দিক থেকে বিজিবিকে শক্ত অবস্থানে থাকার নির্দেশনা দেওয়া হয়েছে।

বিশ্লেষকরা বলছেন, এক সঙ্গে সীমান্তের এতগুলো জায়গা দিয়ে বাংলাদেশে লোকজন ঠেলে দেওয়ার চেষ্টার মধ্যে 'বিভিন্ন ধরনের বার্তা' থাকতে পারে। বিশেষ করে গঙ্গার পানি বণ্টন চুক্তিসহ বেশ কিছু গুরুত্বপূর্ণ দ্বিপাক্ষিক ইস্যুতে দুই দেশ যখন আলোচনার প্রস্তুতি নিচ্ছে এবং উভয় সরকার যখন সম্পর্ক স্বাভাবিক করার চেষ্টার আগ্রহ প্রকাশ করছে , তখন হুট করে সীমান্তের এতগুলো জায়গা দিয়ে `পুশ-ইনের, চেষ্টা অনেককেই বিস্মিত করছে। কারও কারও মতে , পশ্চিমবঙ্গে প্রথমবারের মতো বিজেপি সরকার ক্ষমতায় এসেছে। কেন্দ্রীয় সরকার যেভাবে বাংলাদেশের সাথে একযোগে কাজ করার আগ্রহ প্রকাশ করেছে, সেখানে পশ্চিমবঙ্গ সীমান্ত দিয়ে বিএসএফকে ব্যবহার করে লোকজনকে ঠেলে দেওয়ার চেষ্টা 'স্বাভাবিক বিষয়' নয় বলেও অনেকে মনে করেন। বাংলাদেশের স্ব রাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ সম্প্রতি বলেছেন, বাংলাদেশি কেউ অবৈধভাবে সেখানে থাকলে ভারত সরকারের উচিত হবে প্রমাণসহ তাদের তালিকা দেওয়া। যদিও একের পর এক `পুশ-ইন, চেষ্টা হলে সরকারের দিক থেকে সেটার শক্ত প্রতিবাদ হচ্ছে কি -না সেই আলোচনাও আছে রাজনৈতিক মহলে। কূটনৈ তিক সূত্রগুলো বলছে, বাংলাদেশের তরফ থেকে ভারত সরকারকে চিঠি দেওয়া পাশাপাশি রাজনৈতিক ও কূটনৈতিক চ্যানেলে আলোচনা চলছে। বিশ্লেষকরা অবশ্য বলছেন যে , দরকষাকষির ক্ষেত্রে বাংলাদেশের ওপর চাপ তৈরির জন্য বিএসএফকে ব্যবহার করে `পুশ-ইন, করার এসব চেষ্টা হতে পারে। সাবেক রাষ্ট্রদূত মুন্সি ফয়েজ আহমেদ বলছেন, "অন্য কোনো কারণে বাংলাদেশের ওপর এক ধরনের চাপ প্রয়োগ করা হচ্ছে বলে তার কাছে মনে হচ্ছে , কারণ ঘটনাগুলো এমন সময়ে হচ্ছে যখন উভয় সরকারই সম্পর্ক উন্নয়নে আগ্রহ প্রকাশ করছে।„ "তিস্তা, গঙ্গার পানি, দুই দেশের সম্পর্ক - সবকিছু ঝুলে আছে । এখন সব বিষয়ে আলোচনা করতে হবে। এ অবস্থায় এগুলো একটা বার্তাও হতে পারে। আমি মনে করি , জাতীয় স্বার্থেই সম্পর্ক স্বাভাবিক করার উদ্যোগ নিতে হবে,„ বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। আরেকজন বিশ্লেষক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্কের অধ্যাপক ড. লাইলুফার ইয়াসমিন বলছেন, `পুশ-ইনের, এই ঘটনাগুলো কিছুটা বিস্ময়কর কারণ এখন উভয় সরকারই

দ্বিপাক্ষিক সম্পর্ক স্বাভাবিক করার কথা বলছে। "পশ্চিমবঙ্গে নতুন সরকার এসেছে। কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে ব্যবহার করে বাংলাদেশের ওপর চাপ সৃষ্টি করতে চাইছে কি -না, সেটাও বিবেচনায় নিতে হবে। 'পুশ-ইন, হুট করে বেড়ে যাওয়ার পেছনের মূল কারণ কি সেগুলো বুঝতে হয়ত কিছুটা সময় লাগবে। হয়ত তখনি দেখা যাবে যে , এটা ছিল আসলে বাংলাদেশকে চাপে রাখার কৌশল," বিবিসি বাংলাকে বলেছেন তিনি।

**'পুশ-ইন, কী সম্পর্ক উন্নয়নে বাধা হবে?**

'পুশ-ইনের, ঘটনাগুলো দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্ক পুনরুদ্ধারের চেষ্টাকে কোনোভাবে ব্যাহত করতে পারে কি -না এমন প্রশ্নের জবাবে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ বলেছেন , "প্রতিটি ঘটনা আলাদা। কিন্তু এ ঘটনা যদি সীমান্তে ঘটে এবং ভারত সরকার যদি সিরিয়াসলি নেয় , তাহলে আমাদের জন্য সম্পর্ক এগিয়ে নেওয়া সহজ হবে।" সোমবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেওয়ার সময় তিনি আরও জানান যে , 'পুশ-ইন, বিষয়ে ভারতকে ১২ থেকে ১৩টি চিঠি দেওয়া হয়েছে এবং বিজিবি সজাগ আছে। তিনি জানান , সাম্প্রতিক সময়ে চেন্নাই থেকে বাংলাদেশ ৩৪ জনকে ফেরত আনা হয়েছে। পররাষ্ট্র প্রতি মন্ত্রী বলেন , "বাংলাদেশে যদি ভারতীয় কোনো ইল্লিগ্যাল সিটিজেন থাকে বা ভারতে যদি বাংলাদেশের কোনো ইল্লিগ্যাল সিটিজেন থাকে , তাদেরকে ফেরত আনা এবং আমাদের ভারতীয়দের ফেরত দেওয়ার একটি মেকানিজম বিদ্যমান আছে।" "সেই বিদ্যমান মেকানিজমটা, ডিপ্লোমেসিটা অবলম্বন করেই ভারতকে আমাদের সাথে কাজ করতে হবে এবং কথা বলতে হবে এবং বাংলাদেশও সেটা করবে ," বলেন মিজ ওবায়েদ। তিনি বলেন , "যত রকম ডিপ্লোম্যাটিক নর্ম আছে , তা ফলো করছি। যখনই 'পুশ-ইনের, ঘটনা দেখছি, আমরা তাদের চিঠি দিচ্ছি। আশা করবো , ভারত সরকার এটা সিরিয়াসলি নেবে এবং যথাযথ ডিপ্লো ম্যাসির মাধ্যমে তারা সমাধান করবে।" 'পুশ-ইনের, মাধ্যমে যদি তারা করে , তাহলে সেটা ভালো হবে না। ভারত ও বাংলাদেশ সম্পর্ক যে নতুন উচ্চতায় ওঠার চেষ্টা হচ্ছে বা তারাও যে প্যারাডাইম শিফটের সেটা করতে হলে এই কাজগুলোর জন্য যে বিদ্যমান প্রক্রিয়া আছে, সেটাই দুই দেশকে অবলম্বন করা উচিত," বলছিলেন শামা ওবায়েদ।

(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৬.২০২৬ নারগীস)

## প্রাথমিক ও মাধ্যমিক স্তরে আগামী বছর থেকে চারটি নতুন বিষয় চালু করতে যাচ্ছে সরকার

আগামী বছরের শিক্ষাবর্ষে প্রাথমিক ও মাধ্যমিক স্তরে চারটি নতুন বিষয় চালু করতে যাচ্ছে বাংলাদেশের সরকার। সোমবার সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ সম্মেলনে এ কথা জানান শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন ও প্রধানমন্ত্রীর শিক্ষা বিষয়ক উপদেষ্টা মাহদী আমিন। সরকার আগামী বছরের পাঠ্যপুস্তকে কারিগরি শিক্ষা , খেলাধুলা ও সংস্কৃতিকে গুরুত্ব দিয়ে এই চারটি নতুন বিষয় যুক্ত করতে যাচ্ছে। এর চারটির বিষয়ের মধ্যে চতুর্থ শ্রেণিতে ক্রীড়া ও সংস্কৃতির দুইটি বিষয় পড়তে হবে শিক্ষার্থীদের। আর ষষ্ঠ শ্রেণি থেকে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং লার্নিং উইথ হ্যাপিনেস নামের আরো দুইটি বাধ্যতামূলক বিষয় পড়তে হবে শিক্ষার্থীদের। একইসঙ্গে , বাংলা ও ইংরেজি ছাড়াও নতুন শিক্ষাক্রমে তৃতীয় ভাষা শিক্ষায় গুরুত্ব দেওয়ার কথা জানিয়েছেন শিক্ষামন্ত্রী মি . মিলন। "আমরা বিদ্যমান শিক্ষাক্রমকে সঠিকভাবে পরিমার্জন করে , বাস্তব সম্মতভাবে রিভাইজ করে এই ২০২৭ সালে দিচ্ছি। আর টোটাল চেইঞ্জ যেটা আশা করছেন, সেটা আমরা কাজ শুরু করেছি। ২০২৮ সালে গিয়ে আপনারা সেটা দেখতে পারবেন, এখন নয়। কারিকুলাম খুব সুন্দর হচ্ছে এবং চারটি নতুন বিষয় যুক্ত হচ্ছে," বলেন মি. মিলন।

(বিবিসি ওয়েব পেজ : ০৮.০৬.২০২৬ আলী আহমেদ)

## প্রায় পাঁচ হাজার মানুষকে বাংলাদেশে পুশব্যাক করা হয়েছে দাবি শুভেন্দু অধিকারীর

এক মাসের মধ্যে পশ্চিমবঙ্গ থেকে প্রায় ৪ হাজার ৮০০ জন সন্দেহভাজন অনুপ্রবেশকারীকে 'ওপারে' পাঠানো হয়েছে বলে দাবি করেছেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। আরও ৮৬৩ জন এখন রাজ্যের বিভিন্ন হোল্ডিং সেন্টারে আটক আছেন, যাদের নথি যাচাই করা হচ্ছে বলে তিনি জানি য়েছেন। পশ্চিমবঙ্গে বিজেপি সরকার গঠনের পরে কথিত বাংলাদেশি অনুপ্রবেশকারীদের বিরুদ্ধে ব্যাপক অভিযান চলছে। তবে ঠিক কতেজনকে বাংলাদেশে ফেরত পাঠানো হয়েছে বা কতজন নানা হোল্ডিং সেন্টারে আটক আছেন, তা নিয়ে এই প্রথম আনুষ্ঠানিক কোনো সরকারি বক্তব্য পাওয়া গেল। মি. অধিকারী আরও জানান, যে সন্দেহভাজন অনুপ্রবেশকারীদের হোল্ডিং সেন্টারে রাখা হয়েছে , তাদেরও দ্রুত ডিপোর্ট করার প্রক্রিয়া শুরু হবে। একটি দলীয় কর্মসূচিতে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী রাজ্য সরকারের সীমান্ত সুরক্ষা এবং অবৈধ অনুপ্রবেশ রোধ -সংক্রান্ত পদক্ষেপগুলির ক থা তুলে ধরেন। তার দাবি , ক্ষমতায় আসার পর থেকেই এই বিষয়টিকে অগ্রাধিকার দিয়ে কাজ করছে রাজ্য সরকার।

মুখ্যমন্ত্রী বলেন, "আমাদের সব চেয়ে বড়ো ইস্যু ছিল সীমান্ত সুরক্ষা , অবৈধ অনুপ্রবেশকারী। সিএএ -এর আওতায় যারা পড়েননি, সেই ধরনের অনুপ্রবেশকারীদের ডিপোর্ট করার কাজ নিয়ম মেনে শুরু করেছি। একটি আইন ছিল ভারত সরকারের, সেই আইনে তাদের জেলে না পাঠিয়ে সরাসরি বিএসএফের হাতে হ্যান্ডওভারের আইন ছিল।" তিনি জানান, সীমান্তবর্তী জেলাগুলিতে বিশেষ 'হোল্ডিং স্টেশন ' তৈরি করা হয়েছে , যেখানে সন্দেহভাজন অনুপ্রবেশকারীদের অস্থায়ীভাবে রাখা হচ্ছে। সেখান থেকে ধাপে ধাপে তাদের ডিপোর্ট করার ব্যবস্থা করা হচ্ছে। "এবারে সরাসরি হোল্ডিং

স্টেশন বানানো হয়েছে বর্ডারের জেলাগুলিতে। সেখান থেকে এখনো অবধি ৪ হাজার ৮০০ কে ওপারে পাঠিয়ে দেওয়া হয়েছে। আর এখন হোল্ডিং সেন্টারে আছেন ৮৩৬ জন। তাদেরকেও আমরা তাড়াতাড়ি খাইয়ে পরিয়ে ওদিকে পাঠানোর ব্যবস্থা করছি। এই প্রক্রিয়া চলবে।„

**'সীমান্ত রক্ষা অগ্রাধিকার'**

রাজ্যে ক্ষমতায় আসার পর সীমান্ত সুরক্ষা এবং রাজ্য থেকে 'অবৈধ অনুপ্রবেশকারী'দের 'ডিটেক্ট, ডিলিট, ডিপোর্ট' করার প্রক্রিয়াকে অগ্রাধিকার দিয়েছে বিজেপি সরকার। প্রশাসনের দাবি, সীমান্ত পেরিয়ে অবৈধভাবে রাজ্যে প্রবেশকারীদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। চলতি বছরের মে মাসে মুখ্যমন্ত্রী মি. অধিকারী এ বিষয়ে রাজ্য সরকারের অবস্থান স্পষ্ট করেছিলেন। তিনি জানিয়েছিলেন, যারা ভারতের সীমান্ত পেরিয়ে এসেছেন কিন্তু নাগরিকত্ব সংশোধনী আইন (সিএএ)-এর আওতায় পড়েন না, তারা 'পুরোপুরি অবৈধ অনুপ্রবেশকারী'। এই আইন অনুযায়ী, বাংলাদেশ, পাকিস্তান এবং আফগানিস্তান থেকে আসা হিন্দু, শিখ, বৌদ্ধ, জৈন, পার্সি এবং খ্রিষ্টান সম্প্রদায়ভুক্ত যে-সব মানুষ ২০২৪ সালের ৩১ ডিসেম্বরের আগে ভারতে এসেছেন, তারা ভারতীয় নাগরিকত্বের জন্য আবেদন করতে পারবেন। মুসলিম সম্প্রদায়ের মানুষ এই আইনের আওতায় পড়েন না। মি. অধিকারী জানিয়েছিলেন, যে-সব কথিত অনুপ্রবেশকারী এই আইনের আওতায় পড়েন না এবং অবৈধভাবে পশ্চিমবঙ্গে অবস্থান করছেন, তাদের দ্রুত গ্রেফতার ও আটক করে বিএসএফের হাতে তুলে দেওয়া হবে। "বিএসএফ বিজিবির সঙ্গে কথা বলে তাদেরকে ডিপোর্ট করার ব্যবস্থা করবে। অর্থাৎ ডিটেক্ট, ডিলিট, এবং ডিপোর্ট।„ উল্লেখ্য, পশ্চিমবঙ্গের সঙ্গে বাংলাদেশের দীর্ঘ ২ হাজার ২১৬ কিলোমিটারের আন্তর্জাতিক সীমান্ত রয়েছে। এই আবহেই দিল্লিতে সোমবার থেকে শুরু হয়েছে দুই দেশের সীমান্তরক্ষী বাহিনীর মহাপরিচালক পর্যায়ের বৈঠক। বৈঠকে 'পুশ-ইন'-এর বিষয়টি উঠতে পারে। চারদিন ধরে চলবে এই বৈঠক।

**বিবিসিকে যা বললেন মন্ত্রী**

পশ্চিমবঙ্গের ক্যাবিনেট মন্ত্রী অশোক কীর্তনিয়া বিবিসিকে বলেন, "এই ৪ হাজার ৮০০ জন অনুপ্রবেশকারী ইতোমধ্যেই বাংলাদেশ পৌঁছে গিয়েছেন। অনেকে স্বেচ্ছায় গিয়েছেন।„ " বিভিন্ন দফতরের কাছে খবর থাকে কোথায় অবৈধ অনুপ্রবেশকারীরা লুকিয়ে আছেন। কিন্তু দুর্ভাগ্যবশত পুলিশ প্রশাসন বা রাজ্য প্রশাসনকে এতদিন কাজ করতে দেওয়া হয়নি। এখন পুলিশ যাদের গ্রেফতার করছে, তারা অনেকেই নিজে থেকেই বলছেন তারা বাংলাদেশ থেকে এসেছেন এবং বাংলাদেশেই ফিরে যেতে চান।„ তিনি আরও বলেন, যে, তার কথায়, অসংখ্য অনুপ্রবেশকারী এখনো পশ্চিমবঙ্গের মানুষের ভিড়ে লুকিয়ে আছেন এবং "রাজ্যের আর্থিক ফেসিলিটি ব্যবহার করে জীবন-যাপন করছেন।„ মি. কীর্তনিয়া বলেন, "অনুপ্রবেশকারী এবং শরণার্থী আলাদা। অনুপ্রবেশকারী হলেন তারা যারা ১৯৪৭ সালের পর হিন্দুদের সঙ্গে থাকতে না চেয়ে ভারতবর্ষে আসেননি বা ভারতবর্ষ ছেড়ে চলে গিয়েছিলেন। আজ তারা দেশের সীমান্ত পেরিয়ে তাদের জীবন-জীবিকার জন্য আবার ভারতের জল, জমি, খাদ্যে ভাগ বসাচ্ছেন। তাদের পশ্চিমবঙ্গে কোনো স্থান নেই।„ মি. কীর্তনিয়ার দাবি, তৃণমূল কংগ্রেসের জমানায়, তার কথায়, অবৈধ অনুপ্রবেশকারীরা পশ্চিমবঙ্গের মানুষের জন্য নির্ধারিত সরকারি সুযোগ-সুবিধা ভোগ করছিলেন। "গত ১৫ বছরে রাজ্যে প্রচুর অবৈধ অনুপ্রবেশকারী এসে ঠাঁই করেছেন। বাম জমানাতেও অনেক অনুপ্রবেশকারী অবৈধভাবে রাজ্যে এসেছেন। আমরা এখন তিলে তিলে এই সমস্যার সমাধান করছি। দেশের আইন অনুযায়ী, অনুপ্রবেশকারীদের গ্রেফতার করে বিএসএফের হাতে তুলে দেওয়া হচ্ছে।„

**উদ্বিগ্ন মানবাধিকার কর্মীরা**

এই ব্যাপক 'পুশ-ব্যাক'-এর পরিপ্রেক্ষিতে রাজ্যের মানবাধিকার সংগঠনগুলো আশঙ্কা প্রকাশ করছে যে, যেভাবে লোকজনকে ফেরত পাঠানো হচ্ছে, তা মৌলিক মানবাধিকার লঙ্ঘন করতে পারে। 'অ্যাসোসিয়েশন ফর প্রোটেকশন অব ডেমোক্রেটিক রাইটস' বা এপিডিআর-এর সহ-সভাপতি রঞ্জিত শূর প্রশ্ন তুলছেন, "আমরা জানতে চাই, `পুশ-ব্যাক, হওয়া এই ৪৮০০ জন কারা? পাইপলাইনে থাকা ৮০০ জনই বা কারা? কী তাদের নাম ধাম পরিচয়? শ্বেতপত্র প্রকাশ করে সত্য জানাক সরকার। সাংবিধানিক ও গণতান্ত্রিক দেশ হিসাবে ভারতের মানুষের এদের নাম-পরিচয় জানার অধিকার আছে।„ তার কথায়, "ভারতের ফৌজদারি বিচার ব্যবস্থার অন্যতম ভিত্তি হল, আদালতে পেশ না করে কাউকে ২৪ ঘণ্টার বেশি আটক রাখা যাবে না। তাহলে শুধুমাত্র সন্দেহের ভিত্তিতে কাউকে দিনের পর দিন হোল্ডিং সেন্টারে আটক রাখা হচ্ছে কী করে? ... আদালতের নির্দেশ ছাড়া সরকার কাউকে বিদেশি নাগরিক বলতেই পারে না। (বিবিসি ওয়েব পেজ : ০৮.০৬.২০২৬ নারগীস)

## আপাতত ইরানের ওপর হামলা থেকে বিরত থাকবে ইসরায়েল

ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু ঘোষণা করেছেন যে, আপাতত ইসরায়েল ইরানের ওপর হামলা চালানো বন্ধ রাখবে। একটি টেলিভিশন ভাষণে তিনি দাবি করেন, ইরান ও হেজবুল্লাহ আগের চেয়ে অনেক দুর্বল হয়ে গেছে। তবে তিনি এটিও ইঙ্গিত দিয়েছেন যে, তাদের সাথে লড়াই এখনো শেষ হয়ে যায়নি। তিনি বলেন, ইরান থেকে

যদি ইসরায়েলের ওপর আরো হামলা চালানো হয় , তবে তার সরকার জোরালো জবাব দেবে। একইসঙ্গে নিজেদের আত্মরক্ষার অধিকার প্রয়োগ করবে তারা। নেতানিয়াহু মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পে র সাথে তার ফোনালাপের কথাও উল্লেখ করেন। গত রোববার হামলা শুরু হওয়ার পর ট্রাম্পের সাথে তার কথা হয়েছে বলে জানা গেছে। (বিবিসি ওয়েব পেজ : ০৮.০৬.২০২৬ নারগীস)

## হরমুজ প্রণালি ইস্যুতে ইরানের ওপর ইউরোপীয় ইউনিয়নের নিষেধাজ্ঞা জারি

হরমুজ প্রণালিতে "নৌযান চলাচলে বাধা সৃ ষ্টির" কারণে ইরানের ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছে ইউরোপীয় ইউনিয়নের সদস্য রাষ্ট্রগুলো। ইইউ ,র পররাষ্ট্র নীতি প্রধান কাজা কালাস এ কথা জানিয়েছেন। সামাজিক যোগাযোগ মাধ্যম এক্স -এ দেওয়া এক পোস্টে তিনি বলেন , "শান্তি আলোচনা এবং ভঙ্গুর যুদ্ধবিরতির চক্রে আটকে আছে মধ্যপ্রাচ্য। হরমুজ প্রণালিতে তেহরানের ড্রোনগুলো সামুদ্রিক চলাচলের জন্য হুমকি হয়ে দাঁড়িয়েছে। মন্ত্রীরা স্পষ্টভাবে জানিয়েছেন, ইরানের এই পদক্ষেপগুলো কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। " মিজ কালাস আরো বলেন , "এর জবাবে হরমুজ প্রণালিতে নৌযান চলাচলে বাধা সৃষ্টির জন্য ব্রাসেলসে ইইউ সদস্য রাষ্ট্রগুলো আজ ইরানিদের ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছে।" তিনি জানান, এই বাধা দেওয়ার সাথে জড়িত ইরানি ব্যক্তি ও প্রতিষ্ঠানের ওপর ইইউ নিষেধাজ্ঞা জারি করেছে। বার্তা সংস্থা এএফপির প্রতিবেদন অনুযায়ী , এই নিষেধাজ্ঞার আওতায় ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পসের নৌ-শাখার মুখপাত্র মোহাম্মদ আকবরজাদেহকে কালো তালিকাভুক্ত করা হয়েছে। ইরানের তেল রপ্তানিকারক ইউনিয়নের প্রতিনিধি হামিদ হোসেইনির সম্পদ বাজেয়াপ্ত ও তার ভিসা নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। ইইউ এবারই প্রথম তাদের নতুন নৌ -চলাচলের স্বাধীনতা সংক্রান্ত নিষেধাজ্ঞার নীতি প্র য়োগ করলো বলেও উল্লেখ করেছেন মিজ কালাস। (বিবিসি ওয়েব পেজ : ০৮.০৬.২০২৬ আলী আহমেদ)

# রেডিও তেহরান

## ৩ দিন পর পঞ্চগড় সীমান্তের শূন্যরেখা থেকে ১০ ভারতীয়কে সরিয়ে নিল বিএসএফ

পঞ্চগড় সদর উপজেলার বড়বাড়ি -প্রধানপাড়া সীমান্তে দীর্ঘ প্রায় ৭২ ঘণ্টার চরম উত্তেজনা ও মানবিক সংকটের পর, `পুশ-ইনের, শিকার নারী, শিশুসহ ১০ জনকে অবশেষে নিজেদের ভূখণ্ডে ফিরিয়ে নিয়েছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)। বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) এবং স্থানীয় সূত্রে জানা গেছে, গতকাল রোববার দিবাগত রাত ২টা ৪০ মিনিটে বিএসএফ সদস্যরা সীমান্তের নিরাপত্তা বাতি (সিকিউরিটি লাইট) বন্ধ করে শূন্যরেখায় অবস্থান করা ওই ১০ জনকে গাড়িতে তুলে নিজেদের ক্যাম্পে নিয়ে যায়।

### ঘটনার প্রেক্ষাপট ও দুর্ভোগ

গত শুক্রবার ভোরে বড়বাড়ি সীমান্তের মেইন পিলার ৭৫৮-এর ৫ নম্বর সাব -পিলার এলাকা দিয়ে ওই ১০ জনকে বাংলাদেশে ঠেলে দেওয়ার (`পুশ-ইন,) চেষ্টা করে বিএসএফ। তবে বিজিবির কঠোর নজরদারি ও তাৎক্ষণিক বাধার কারণে তারা বাংলাদেশে প্রবেশ করতে পারেননি। এর ফলে পাঁচজন পুরুষ, দু-জন নারী ও তিনটি শিশুসহ ওই ১০ জন সীমান্তের জিরো লাইনে একটি ফসলি জমির সরু আলে অবস্থান করতে বাধ্য হন। বিগত তিনদিন ধরে কখনও প্রচণ্ড রোদ, আবার কখনও বজ্রবৃষ্টির মধ্যে খোলা আকাশের নিচে চরম দুর্ভোগ পোহাতে হয় এই অসহায় পরিবারটিকে। বৃষ্টির পানি জমে থাকা সরু আলে তাদের এই মানবেতর অবস্থা দেখে স্থানীয়দের মাঝেও তীব্র ক্ষোভ ও সহানুভূতির সৃষ্টি হয়। স্থানীয় ইউপি সদস্য হাসিবুল ইসলাম বলেন , "তিনদিন ধরে রোদ-বৃষ্টিতে ওখানে থাকা বাচ্চা আর নারীদের কষ্ট দেখে খুবই খারাপ লাগছিল। রাতে হালকা বৃষ্টির সময় বিএসএফ তাদের নিয়ে গেছে। এতে সীমান্ত এলাকার মানুষও স্বস্তি পেয়েছে।"

### বিজিবি-বিএসএফ বৈঠক ও বিজিবির শক্ত অবস্থান

এই ঘটনাকে কেন্দ্র করে সীমান্ত এলাকায় তীব্র উত্তেজনা ছড়িয়ে পড়ে। উদ্ভূত পরিস্থিতি নিরসনে গত তিনদিনে বিজিবি ও বিএসএফের মধ্যে কোম্পানি কমান্ডার ও ব্যাটালিয়ন কমান্ডার পর্যায়ে তিন দফা পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়। নীলফামারী ৫৬ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মো . সিরাজুল ইসলাম জানান , বিজিবি শুরু থেকেই স্পষ্ট অবস্থান নিয়েছিল যে-কোনো ধরনের অবৈধ 'পুশ-ইন' গ্রহণযোগ্য নয়। বিজিবির পক্ষ থেকে তীব্র আপত্তি ও চাপের মুখে অবশেষে রোববার গভীর রাতে বিএসএফ তাদের ফেরত নেওয়ার ইচ্ছা প্রকাশ করে। আজ সোমবার সকালে লেফটেন্যান্ট কর্নেল মো . সিরাজুল ইসলাম বিষয়টি নিশ্চিত করে বলেন , বিএসএফ তাদের ফিরিয়ে নিলেও সীমান্তে `পুশ-ইন, প্রতিরোধে বিজিবির কঠোর নজরদারি ও সতর্কাবস্থা অব্যাহত রয়েছে।
(রেডিও তেহরান ওয়েব পেজ : ০৮.০৬.২০২৬ নারগীস)

## এনএইচকে

### কয়েকটি দেশ ক্রমবর্ধমানভাবে পরমাণু অস্ত্রের ওপর নির্ভর করছেঃ সুইডেনের গবেষণা কেন্দ্র

সুইডেনের একটি গবেষণা কেন্দ্র জানিয়েছে যে , পারমাণবিক অস্ত্রের সংখ্যা ও ভূমিকা হ্রাস করার লক্ষ্যে প্রচেষ্টা চালানোর বদলে কয়েকটি দেশ জাতীয় শক্তির হাতিয়ার হিসেবে ক্রমবর্ধমানভাবে এ ধরনের অস্ত্রের ওপর নির্ভর করছে। স্টকহোম আন্তর্জাতিক শান্তি গবেষণা ইনস্টিটিউট সোমবার তাদের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করেছে। এতে বলা হয়েছে, ২০২৬ সালের জানুয়ারি মাসে পরমাণু অস্ত্রধারী দেশগুলোর কাছে আনুমানিক ১২,১৮৭টি অস্ত্র রয়েছে, যা এক বছর আগের তুলনায় ৫৪টি কম। রাশিয়ার কাছে আনুমানিক ৫,৪২০টি অস্ত্র আছে এবং এর পরেই রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র, যাদের কাছে আছে ৫,০৪২টি। বিশ্বের মোট মজুতের ৮০ শতাংশেরও বেশি এই দুটি দেশের দখলে বলে ধারণা করা হয়। প্রতিষ্ঠানটির অনুমান অনুযায়ী , চীনের কাছে ৬২০টি পরমাণু অস্ত্রের তৃতীয় বৃহত্তম মজুত রয়েছে এবং দেশটির পারমাণবিক অস্ত্রাগার অন্য যে -কোনো দেশের চেয়ে দ্রুতগতিতে বৃদ্ধি পাচ্ছে। আনুমানিক ৪,০১২টি অস্ত্র যা মোট সংখ্যার ৩০ শতাংশেরও বেশি, ক্ষেপণাস্ত্র ও বিমানের সাথে মোতায়েন করা হয়েছে। বছরওয়াড়ি হিসাবে এই সংখ্যা হলো প্রায় ১০০টি বেশি। ফেব্রুয়ারি মাসে যুক্তরাষ্ট্র ও রাশিয়ার মধ্যে সর্বশেষ পারমাণবিক অস্ত্র হ্রাস চুক্তি , নিউ স্টার্ট চুক্তির মেয়াদ শেষ হয়ে যায়। মার্চ মাসে ফরাসি প্রেসিডেন্ট এমানুয়েল ম্যাক্রন ঘোষণা করেন যে , তার দেশ পরমাণু অস্ত্রের সংখ্যা বৃদ্ধি করবে। (এনএইচকে ওয়েব পেজ: ০৮.০৬.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### ৪,৮০০ বাংলাদেশিকে ফেরত পাঠানো হয়েছে : শুভেন্দু অধিকারী

শুভেন্দু অধিকারী বলেছেন , তার নেতৃত্বে বিজেপি পশ্চিমবঙ্গে সরকার গঠনের পর থেকে চার হাজার ৮০০ বাংলাদেশি নাগরিককে নিজ দেশে ফেরত পাঠানো হয়েছে। মে মাসে নির্বাচনে বিপুল জয় নিয়ে পশ্চিমবঙ্গে সরকার গঠন করে নরেন্দ্র মোদীর হিন্দু-জাতীয়তাবাদী দল ভারতীয় জনতা পার্টি (বিজেপি)। ১০ কোটিরও বেশি জনসংখ্যার এই পূর্বাঞ্চলীয় সীমান্তবর্তী রাজ্যে নির্বাচনি প্রচারণার সময়ই দলটি অবৈধ অভিবাসীদের `শনাক্ত, তালিকা থেকে বাদ এবং বহিষ্কার, করার প্রতিশ্রুতি দিয়েছিল। তারই ধারাবাহিকতায় রাজ্যে ক্ষমতায় আসার পর নথিপত্রহীন বাংলাদেশি এবং মিয়ানমার থেকে পালিয়ে আসা রোহিঙ্গাদের আটকে রাখার জন্য বিশেষ কেন্দ্র (ডিটেনশন সেন্টার) স্থাপনের নির্দেশ দেয় বিজেপি সরকার। গতকাল রোববার কলকাতায় পশ্চিমবঙ্গের নবনির্বাচিত মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন , "আমরা নাগরিকত্ব সংশোধনী আইন (সিএএ)-এর আওতায় না আসা বাংলাদেশি অনুপ্রবেশকারীদের ফেরত পাঠানোর কাজ শুরু করেছি।„ তিনি জানান, মে মাসে "রাজ্যের সব জেলায় হোল্ডিং সেন্টার স্থাপন করেছে সরকার।„ তিনি আরো বলেন, "এই কেন্দ্রগুলো থেকে এ পর্যন্ত ৪ ,৮০০ জন বাংলাদেশি অনুপ্রবেশকারীকে ফেরত পাঠানো হয়েছে। „ "বর্তমানে ৮৩৬ জন এই আটক কেন্দ্রগুলোতে রয়েছেন „ জানিয়ে শুভেন্দু অধিকারী বলেন , "আমরা এই ৮৩৬ জনকে ফেরত পাঠানোর ব্যবস্থা করছি।„(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৮.০৬.২০২৬ রনি)

### `পুশ-ইন, নিয়ে শুভেন্দু অধিকারীর দাবি ও বিজিবির প্রত্যাখ্যান

পশ্চিমবঙ্গে বিজেপি সরকার গঠনের পর থেকে ৪,৮০০ বাংলাদেশিকে ফেরত পাঠানোর দাবি করেছেন শুভেন্দু অধিকারী। তবে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)-এর উপ-মহাপরিচালক (মিডিয়া) কর্নেল আবুল হাসনাত মোহাম্মদ মাহমুদ বলছেন, এমন তথ্য সঠিক নয়। আজ সোমবার ডয়চে ভেলের প্রতিনিধি হারুন উর রশীদ স্বপনকে তিনি বলেন , "পশ্চিমবঙ্গে নতুন সরকার দায়িত্ব নেওয়ার পর ভারত থেকে কাউকে বাংলাদেশে `পুশ-ইন, করতে পারেনি। তবে চেষ্টা করছে এবং আমরা তা ব্যর্থ করে দিয়েছি। কিছু সংবাদমাধ্যম `পুশ-ইনের, যে খবর দিচ্ছে, তা পুরোপুরি গুজব।„ তিনি আরো বলেন, "সীমান্তে বিজিবি সর্বোচ্চ সতর্ক অবস্থায় রয়েছে। কোনোভাবেই আমরা `পুশ-ইন, করতে দেবো না। আমরা সীমান্তে দিন-রাত ২৪ ঘণ্টাই পাহারা দিচ্ছি। আমাদের সঙ্গে সীমান্ত এলাকার স্থানীয় মানুষও রাত জেগে পাহারা দিচ্ছে।„ মে মাসে নির্বাচনে বিপুল জয় নিয়ে পশ্চিমবঙ্গে সরকার গঠন করে নরেন্দ্র মোদীর হিন্দু-জাতীয়তাবাদী দল ভারতীয় জনতা পার্টি (বিজেপি)। ১০ কোটিরও বেশি জনসংখ্যার এই পূর্বাঞ্চলীয় সীমান্তবর্তী রাজ্যে নির্বাচনি প্রচারণার সময়ই দলটি অবৈধ অভিবাসীদের `শনাক্ত, তালিকা থেকে বাদ এবং বহিষ্কার' করার প্রতিশ্রুতি দিয়েছিল। তারই ধারাবাহিকতায় রাজ্যে ক্ষমতায় আসার পর নথিপত্রহীন বাংলাদেশি এবং মিয়ানমার থেকে পালিয়ে আসা রোহিঙ্গাদের আটকে রাখার জন্য বিশেষ কেন্দ্র (ডিটেশন সেন্টার) স্থাপনের নির্দেশ দেয় বিজেপি সরকার। গতকাল রোববার কলকাতায় পশ্চিমবঙ্গের নবনির্বাচিত মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন , "আমরা নাগরিকত্ব সংশোধনী আইন (সিএএ)-এর আওতায় না আসা বাংলাদেশি অনুপ্রবেশকারীদের ফেরত পাঠানোর কাজ শুরু করেছি। „ তিনি জানান, মে মাসে "রাজ্যের সব জেলায় হোল্ডিং সেন্টার স্থাপন করেছে সরকার। „ তিনি আরো বলেন , "এই কেন্দ্রগুলো থেকে এ পর্যন্ত ৪,৮০০ জন বাংলাদেশি অনুপ্রবেশকারীকে ফেরত পাঠানো হয়েছে। „ "বর্তমানে ৮৩৬ জন এই আটক কেন্দ্রগুলোতে রয়েছেন„ জানিয়ে শুভেন্দু অধিকারী বলেন , "আমরা এই ৮৩৬ জনকে ফেরত পাঠানোর ব্যবস্থা করছি। „ তার এমন

বক্তব্য নিয়ে প্রতিবেদন প্রকাশ করে বার্তা সংস্থা রয়টার্স। তবে বিজিবির উপ-মহাপরিচালক (মিডিয়া) কর্নেল আবুল হাসনাত মোহাম্মদ মাহমুদ দাবি করেন, ভারত থেকে বাংলাদেশে কোনো মানুষ পাঠানোর তথ্যের কোনো ভিত্তি নেই। `পুশ-ইনের, প্রয়াস সম্পর্কে তিনি বলেন, ”কোনোভাবেই `পুশ-ইন, গ্রহণযোগ্য নয়। যদি কোনো দেশে অন্য কোনো দেশের নাগরিকরা অবৈধভাবে থেকে থাকেন, তাদের সেই দেশে ফেরত পাঠানোর ব্যাপারে স্ট্যান্ডার্ড প্রসিডিউর আছে। সেটা দুই দেশ একটা ভেরিফিকেশন প্রসেসের মাধ্যমে সিদ্ধান্ত নেয়। কিন্তু `পুশ-ইন, বেআইনি এবং অবৈধ।„ তিনি আরো বলেন, ”বাংলাদেশকে যদি ভারতের পক্ষ থেকে সেখানে অবৈধভাবে বসবাসকারী কোনো বাংলাদেশি নাগরিকের তালিকা দেওয়া হয়ে থাকে, সেটা পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিষয়। এটা আমাদের জানা নেই।„
(ডয়চে ভেলে ওয়েব পেজঃ ০৮.০৬.২০২৬ রনি)

## ইসরায়েলে হামলা স্থগিতের ঘোষণা দিলো ইরান

পাল্টাপাল্টি ক্ষেপণাস্ত্র হামলার একদিন পর ইসরায়েলের বিরুদ্ধে হামলার কার্যক্রম স্থগিতের ঘোষণা দিয়েছে ইরানের সেনাবাহিনী। আজ সোমবার এ ঘোষণা দেয় তারা। তবে ইরান সরকারের যৌথ কমান্ড জানিয়েছে, ইসরায়েল বা তার মিত্ররা লেবাননের দক্ষিণাঞ্চলসহ যে-কোনো স্থানে কোনো ধরনের `আগ্রাসন ও বৈরী কর্মকাণ্ড, চালালে তার জবাবে ”আগের চেয়ে অনেক বেশি কঠোর ও ধ্বংসাত্মক পদক্ষেপ„ নেওয়া হবে। গত এপ্রিলে দুই দেশের মধ্যে যুদ্ধবিরতি কার্যকর হয়। তবে তা সত্ত্বেও যুদ্ধ পুরোপুরি থামেনি। এপ্রিলের যুদ্ধবিরতির পর এবারের এই পাল্টাপাল্টি ক্ষেপণাস্ত্র হামলা ছিল সবচেয়ে গুরুতর সংঘাত। (ডয়চে ভেলে ওয়েব পেজঃ ০৮.০৬.২০২৬ রনি)

# জাগো নিউজ

## রাত ১০টা পর্যন্ত দোকানপাট খোলা রাখতে প্রধানমন্ত্রীকে চিঠি

দুপুর ১২টায় খুলে রাত ১০টা পর্যন্ত দোকানপাট খোলা রাখার দাবি জানিয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের কাছে চিঠি দিয়েছে বাংলাদেশ দোকান ব্যবসায়ী মালিক সমিতি। সোমবার (৮ জুন) সংগঠনটির সভাপতি নাজমুল হাসান মাহমুদ জাগো নিউজকে এ তথ্য জানিয়েছেন। চিঠিতে বলা হয়েছে, ”আমরা বাংলাদেশ দোকান ব্যবসায়ী মালিক সমিতির পক্ষ থেকে দে শের কোটি কোটি ভোক্তা এবং প্রায় ৭০ লক্ষ দোকান ব্যবসায়ী , কর্মচারী ও তাদের পরিবারের জীবিকা নির্বাহের স্বার্থে এই আবেদন। „ এতে আরও বলা হয়েছে , ”বাংলাদেশের খুচরা ব্যবসা দেশের অর্থনীতির একটি গুরুত্বপূর্ণ খাত। দেশের শহর, মফস্বল ও গ্রামাঞ্চলের অসংখ্য দোকান, মার্কেট ও শপিংমলকে কেন্দ্র করে লক্ষ লক্ষ মানুষের কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। বর্তমান সময়ে ব্যবসায়িক ব্যয় , দোকান ভাড়া, বিদ্যুৎ বিল, ব্যাংক ঋণের কিস্তি, কর্মচারীদের বেতন-ভাতা এবং অন্যান্য খরচ ক্রমাগত বৃদ্ধি পাওয়ায় ব্যবসায়ীরা অত্যন্ত সংকটের মধ্যে রয়েছেন। সন্ধ্যা ৭টার পর দোকান বন্ধ রাখার বর্তমান সিদ্ধান্ত দেশের খুচরা ব্যবসার ওপর মারাত্মক নেতিবাচক প্রভাব ফেলছে। অনেক ক্রেতা কর্মব্যস্ততার কারণে দিনের বেলায় কেনাকাটা করতে পারেন না এবং বিকেল বা সন্ধ্যার পর বাজারে আসেন। ফলে দোকান ও শপিংমল রাত ১০টা পর্যন্ত খোলা রাখা র সুযোগ না থাকলে ব্যবসায়ীরা তাদের প্রত্যাশিত বিক্রয় থেকে বঞ্চিত হন। এতে ব্যবসার পরিমাণ কমে যায় , কর্মসংস্থান হুমকির মুখে পড়ে এবং দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডও ক্ষতিগ্রস্ত হয়।„ বাংলাদেশ দোকান ব্যবসায়ী মালিক সমিতির চিঠিতে আরও বলা হয়েছে , দেশের অর্থনীতি সচল রাখা, ব্যবসায়ীদের জীবিকা রক্ষা করা এবং সাধারণ জনগণের কেনাকাটার সুবিধার কথা বিবেচনা করে আমরা বিনীতভাবে আবেদন জানাচ্ছি যে , সরকারের বিবেচনায় নির্ধারিত সময় অনুযায়ী প্রতিদিন দুপুর ১২টা বা সরকারের উপযুক্ত মনে হওয়া যে -কোনো সময় থেকে রাত ১০টা পর্যন্ত দেশের সক ল দোকান, শপিং মল, মার্কেট ও ব্যবসাপ্রতিষ্ঠান খোলা রাখার অনুমোদন প্রদান করা হোক। (জাগো নিউজ ওয়েব পেজঃ০৮.০৬.২০২৬ রিহাব)

## টিআইবির রিপোর্ট পেপার কাটিংঃ স্বরাষ্ট্রমন্ত্রী

সরকারের প্রথম ১০০ দিনে সংঘটিত হতাকাণ্ড -ধর্ষণ নিয়ে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশে র (টিআইবি) প্রকাশিত প্রতিবেদনের বিষয়ে কোনো মন্তব্য করবেন না বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, টিআইবির প্রতিবেদন শুধু পেপার কাটিংয়ের মাধ্যমে হয়ে থাকে , টিআইবি কোনো তদন্ত করে না, সেই বিষয়ে আমি কোনো মন্তব্য করতে চাই না। সোমবার (৮ জুন) দুপুরে সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে এক অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। এর আগে, রোববার (৭ জুন) টিআইবি এক গবেষণা প্রতিবেদন প্রকাশ করে। তাতে বলা হয়, বর্তমান সরকারের প্রথম ১০০ দিনে দেশে ৬০৫টি হতাকাণ্ড ঘটেছে। ধর্ষণ ও সংঘবদ্ধ ধর্ষণের শিকার হয়েছেন ২০৯ জন নারী ও শিশু। টিআইবির এই প্রতিবেদন সম্পর্কে জানতে চাইলে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, আমার সামনে সেই রিপোর্টটা (টিআইবি) নেই। আমরা মাস ভিত্তিতে অপরাধের স্টেটমেন্ট করে থাকি। ডাকাতি, খুন, হত্যা ও ধর্ষণের মতো অপরাধ তালিকাভুক্ত করা হয়। কয়েকদিন আগে আমার কাছে আরেকটি রিপোর্ট এসেছিল, সেখানে দেখেছি ২০২৫ সালের তুলনায় অপরাধের চিত্র বর্তমান সরকারের সময়ে অনেক বেশি উন্নতি লাভ করেছে, অনেক অপরাধ কম। টিআইবি বলছে, বর্তমান পরিস্থিতি উদ্‌বেগজনক, আপনারা তাদের মূল্যায়ন নিচ্ছেন কি

না- এমন প্রশ্নে তিনি বলেন, টিআইবি সরকারি সংস্থা না , টিআইবি রিপোর্ট করে পত্রিকার কাটিংয়ে , টিআইবি কোনো তদন্ত করে না। টিআইবি প্রকৃত ঘটনা জাজ করে তারপর কোনো স্টেটমেন্ট দেয় না। আমাদের সামনে রয়েছে পুলিশের অপরাধের তথ্য। জেলা থেকে আমরা তথ্য সংগ্রহ করি , এটাই প্রকৃত তথ্য। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন , পত্রিকায় অনেক খবর প্রকাশিত হয় , সেগুলো আমরাও নজরে আনি। পত্রিকায় প্রকাশিত প্রত্যেকটি ঘটনা যে সঠিক , সে রকম বলা যাবে না। পত্রিকার লেখার স্বাধীনতা আছে , সেগুলো যথাযথভাবে পরীক্ষা -নিরীক্ষার জন্য পাঠাই। সব পত্রিকার কাটিংগুলো সকালে না দেখতে পারলেও সারাদিনের মধ্যে দেখি। পরে সংশ্লিষ্ট ডিপার্টমেন্টকে পাঠাই। টিআইবি রিপোর্ট শুধু পেপার কাটিংয়ের মাধ্যমে হয়ে থাকে , সেই বিষয়ে আমি কোনো মন্তব্য করতে চাই না। মামলার তদন্তকারী কর্মকর্তা মাত্র ছয় হাজার টাকা পান। ভবিষ্যতে আপনারা তদন্তের টাকা বৃদ্ধি করবেন কি না - জানতে চাইলে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, পুলিশের এই আর্থিক শঙ্কট আছে। আশা করি , সামনের দিনে তদন্ত কার্যক্রম , পোস্টমর্টেম রিপোর্ট ও পুলিশি টহলের ক্ষেত্রে যেন বরাদ্দ পায় , সেক্ষেত্রে আমরা চেষ্টা করবো। আইনে রয়েছে , পুলিশের কেউ ৬০ দিনের অধিক পলাতক থাকলে চাকরি থেকে বরখাস্ত করতে হবে, সেই উদ্যোগ আপনারা নেবেন কি না - এমন প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, এগুলো তদন্তের পর রিপোর্ট করে কর্মকর্তাভেদে প্রয়োজনে রাষ্ট্রপতি কর্তৃক স্বাক্ষরিত হতে হয়। সেগুলো চালু রয়েছে। যাদের কথা আপনারা (সাংবাদিক) ইশারা-ইঙ্গিতে বলেছেন, তাদের প্রত্যেকের বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়েছে, সেগুলো চলমান। কারোটা হয়ত সমাপ্তির পর্যায়ে। তাদের অনেকের বিরুদ্ধে আইসিটি আদালতে মামলা আছে। সেই মামলায় আইন মাফিক বিচারের সম্মুখীন হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৬.২০২৬ রিহাব)

## ৯৩ লাখ পশু কোরবানি, চামড়া সংগ্রহ নামতে পারে ৭০ লাখে

দেশে এবারের ঈদুল আজহায় ৯৩ লাখের বেশি পশু কোরবানি হলেও চামড়া সংগ্রহ নেমে আসতে পারে প্রায় ৭০ লাখ পিসে। ট্যানারি মালিকদের একাংশের দাবি , ছাগলের বিপুল পরিমাণ চামড়া নষ্ট হওয়া , লবণ ব্যবহার না করা এবং দেরিতে বিক্রির কারণে সংগ্রহ কমতে পারে। তবে চামড়া খাতের অন্য অংশ মনে ক রছে, শেষ পর্যন্ত সংগ্রহ গত বছরের ৯১ লাখ পিসের কাছাকাছিও থাকতে পারে। এদিকে , ঈদুল আজহার প্রথম দু -দিনে ঢাকার সাভারের চামড়া শিল্পনগরীতে প্রায় ছয় লাখ পিস চামড়া সংগ্রহ হয়েছে। গত শনিবার থেকে চামড়া শিল্পনগরীতে ঢাকার বাইরে থেকে চামড়া আসা শুরু হয়েছে। সংশ্লিষ্টদের সঙ্গে কথা বলে এমন তথ্য পাওয়া গেছে। জানতে চাইলে বাংলাদেশ ট্যানার্স অ্যাসোসিয়েশনের (বিটিএ) চেয়ারম্যান মো. শাহীন আহমেদ জাগো নিউজকে বলেন , ”আমাদের ধারণা , এবার প্রায় ৮০ লাখের মতো পশু কোরবানি হয়েছে। সাভারের চামড়া শিল্পনগরীতে এখন পর্যন্ত মূলত ঢাকার চামড়াগুলোই এসেছে। ঢাকার বাইরের চামড়া আসা শুরু হয়েছে , তবে বড়ো পরিসরে আসতে আরও দুই -চার দিন সময় লাগবে। এখন পর্যন্ত সাভারের শিল্পনগরীতে প্রায় ছয় লাখ পিস চামড়া এসেছে। ৮০ লাখ পশুর মধ্যে ৫০ লাখ গরু এবং প্রায় ৩০ লাখ ছাগল ও অন্যান্য পশু কোরবানি হয়েছে। ফলে আমরা ধারণা করছি , গরুর প্রায় ৪৮ লাখ পিস চামড়া সংগ্রহ করা সম্ভব হবে। আর ছাগলের অর্ধেকের বেশি চামড়া নষ্ট হয়ে গেছে। ছাগলসহ অন্যান্য পশুর ৩০ লাখ পিস চামড়ার মধ্যে অনেক চামড়া নষ্ট হয়ে যাওয়ায় ১৫ থেকে ২০ লাখ পিস সংগ্রহ করা যাবে।„

(জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৬.২০২৬ রিহাব)

## ব্রাহ্মণবাড়িয়ায় নিয়ন্ত্রণ হারিয়ে বাস খাদে, নিহত ৩

ব্রাহ্মণবাড়িয়ার সরাইলে যাত্রীবাহী দিগন্ত পরিবহণের একটি লোকাল বাস নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশের খাদে পড়ে তিনজন নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন আরও অন্তত ১৫ যাত্রী। তবে নিহতদের পরিচয় জানা যায়নি। সোমবার (৮ জুন) দুপুরে ঢাকা-সিলেট মহাসড়কের বৈশামোড়া এলাকায় এ মর্মান্তিক দুর্ঘটনা ঘটে। ঘটনার সত্যতা নিশ্চিত করে হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু তাহের দেওয়ান জানান , দুর্ঘটনায় ঘটনাস্থলেই তিনজনের মৃত্যু হয়েছে। একজন নারী এবং দুইজন পুরুষ। একজন শিশু মারা গেছে বলে শুনেছি , কিন্তু মরদেহ পাইনি। আহতদের উদ্ধার করে স্থানীয় বিভিন্ন হাসপাতালে চিকিৎসার জন্য পাঠানো হয়েছে। তিনি আরও জানান , নিহতদের মরদেহ থানায় আনা হয়েছে। পরিচয় শনাক্তের কাজ চলছে। এরই মধ্যে ঘটনাস্থলে পুলিশ মোতায়েন করা হয়েছে। ফায়ার সার্ভিস ও পুলিশের যৌথ প্রচেষ্টায় দুর্ঘটনাকবলিত বাসটির উদ্ধার কার্যক্রম পরিচালিত হচ্ছে। তবে নিহতের সংখ্যা আরও বাড়তে পারে। দুর্ঘটনার কারণ এবং ক্ষয়ক্ষতির বিস্তারিত জানতে তদন্ত চলছে বলে জানিয়েছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

(জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৬.২০২৬ রিহাব)

## ইসলামী ব্যাংক থেকে টাকা তোলার হিড়িক, ৫ দিনে ৩৫০০ কোটি টাকা উত্তোলন

নতুন চেয়ারম্যান মো . খুরশিদ আলমের নিয়োগ ঘিরে চলমান অস্থিরতার মধ্যে গত পাঁচ কার্যদিবসে ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি থেকে প্রায় ৩ হাজার ৫০০ কোটি টাকা উত্তোলন করেছেন গ্রাহকরা। ব্যাংকটির কর্মকর্তাদের মতে , চেয়ারম্যান নিয়োগ কেন্দ্র করে সৃষ্ট অনিশ্চয়তার কারণে আমানত তুলে নেওয়ার প্রবণতা বেড়েছে। ব্যাংকটির সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, ১ থেকে ৪ জুন পর্যন্ত চার কার্যদিবসে প্রায় ২ হাজার ৫৭০ কোটি টাকা উত্তোলন করা হয়। এছাড়া ৭ জুন একদিনেই প্রায় ১ হাজার কোটি টাকা উত্তোলন হয়েছে বলে প্রাথমিক তথ্য পাওয়া গেছে। ২৪ মে ইসলামী

ব্যাংকের চেয়ারম্যান হিসেবে বাংলাদেশ ব্যাংকের সাবেক ডেপুটি গভর্নর মো. খুরশিদ আলম নিয়োগ পান। তার দায়িত্ব গ্রহণ কেন্দ্র করে ব্যাংকের প্রধান কার্যালয়ের সামনে গ্রাহক ও কর্মকর্তাদের বিক্ষোভ শুরু হয়। পরিস্থিতির কারণে তার প্রথম কর্মদিবসের বোর্ড সভা অনলাইনে হয়। একই সময়ে চেয়ারম্যান জুবাইদুর রহমান পদত্যাগ করেন। ব্যাংকের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও ভারপ্রাপ্ত এমডি আলতাফ হোসেন বলেন, কিছু গ্রাহক আমানত তুলে নিচ্ছেন ঠিকই, তবে আতঙ্কিত হওয়ার কোনো কারণ নেই। ঋণ অনুমোদনসহ সব কার্যক্রম কঠোর যাচাই -বাছাইয়ের মাধ্যমে পরিচালিত হচ্ছে। বাংলাদেশ ব্যাংকের সহকারী মুখপাত্র মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী জানান, ইসলামী ব্যাংকের পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে। গ্রাহকরা নগদ অর্থ তুলছেন নাকি অন্য ব্যাংকে স্থানান্তর করছেন, তাও নজরদারিতে রয়েছে। প্রয়োজন হলে কেন্দ্রীয় ব্যাংক তারল্য সহায়তা দেবে বলেও তিনি জানান।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৬.২০২৬ রিহাব)

## বাজেটে কৃষির হিস্যা আরও কমছে

আগামী ২০২৬-২৭ অর্থবছরের জাতীয় বাজেটে কৃষিখাতে বরাদ্দের পরিমাণ টাকার অঙ্কে কিছুটা বাড়লেও মোট বাজেটে এর হিস্যা কমেছে। এমনকি টাকার হিসেবেও দুই বছর আগের তুলনায় কৃষিতে বরা দ্দ বড়ো অঙ্কে কমে যাচ্ছে। ফলে, আপেক্ষিক অর্থে কৃষিখাতে সরকারি বিনিয়োগ কমে যাওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। কৃষি অর্থনীতিবিদরা বলছেন, উচ্চ মূল্যস্ফীতি এবং কৃষিখাতের প্রবৃদ্ধি কমে যাওয়ার প্রেক্ষাপটে এ খাতে বরাদ্দ আরও বাড়ানো উচিত ছিল। এ পরিস্থিতিতে কৃষিখাতে বরা দ্দ কমার প্রবণতা উদ্ বেগজনক। কারণ, সম্প্রতি কৃষিখাতের প্রবৃদ্ধি কমেছে, খাদ্য মূল্যস্ফীতি উচ্চপর্যায়ে রয়েছে এবং চাল, গমসহ বিভিন্ন খাদ্যপণ্যের আমদানির ওপর নির্ভরতা বেড়েছে। কৃষিতে পর্যাপ্ত বিনিয়োগ না হলে উৎপাদন বৃদ্ধি ব্যাহত হতে পারে এবং খাদ্যনিরাপত্তা ঝুঁ কির মুখে পড়তে পারে। তারা বলছেন, বাংলাদেশের কর্মসংস্থান, খাদ্যনিরাপত্তা ও গ্রামীণ অর্থনীতির অন্যতম প্রধান ভিত্তি হলো কৃষি। তাই, কেবল টাকার অঙ্কে নয়, মোট বাজেটের অনুপাতে কৃষিখাতের বরাদ্দ বাড়ানোর দিকে সরকারের নজর দেওয়া প্রয়োজন। অন্যথায় উৎপাদন ব্যয় বৃদ্ধি, খাদ্য মূল্যস্ফীতি এবং কৃষিখাতের স্থবিরতা আরও প্রকট হতে পারে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৬.২০২৬ রিহাব)

## সীমান্তে নজরদারি বাড়াতে ১১ জেলায় আনসার সদস্য মোতায়েন

দেশের সার্বভৌমত্ব রক্ষা, সীমান্তে নিরাপত্তা জোরদার এবং আন্তঃসীমান্ত অপরাধ প্রতিরোধে সীমান্তবর্তী ১১ জেলায় আনসার ও ভিডিপি সদস্য মোতায়েন করা হয়েছে। সোমবার (৮ জুন) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর উপ-পরিচালক (গণসংযোগ) মো. আশিকউজ্জামান এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান। তিনি বলেন, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)-এর সঙ্গে ২০২৫ সালে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের আওতায় সীমান্ত এলাকায় আনসার ও ভিডিপি সদস্যদের সম্পৃক্ত করা হয়েছে। এর ফলে সীমান্ত ব্যবস্থাপনা ও নিরাপত্তা কার্যক্রম আরও সমন্বিত ও কার্যকর হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, রাষ্ট্রীয় প্রয়োজন ও নিরাপত্তাগত চাহিদার প্রেক্ষাপটে আনসার -ভিডিপি সদস্যরা বিজিবির সঙ্গে সমন্বয় করে সীমান্ত এলাকায় দায়িত্ব পালন করছেন। বর্তমানে সীমান্তবর্তী ১১টি জেলা-চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, জয়পুরহাট, যশোর, ঝিনাইদহ, সাতক্ষীরা, ঠাকুরগাঁও, দিনাজপুর, সিলেট, জামালপুর ও খাগড়াছড়িতে উপজেলা, থানা আনসার এবং ভিডিপি-টিডিপি সদস্যদের মোতায়েন করা হয়েছে। এছাড়া উদ্ভূত পরিস্থিতিতে দ্রুত সাড়া দেওয়া এবং প্রয়োজন অনুযায়ী অতিরিক্ত জনবল সরবরাহের লক্ষ্যে আনসার ব্যাটালিয়নের সদস্যদেরও প্রস্তুত ও সতর্ক অবস্থায় রাখা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৬.২০২৬ রিহাব)

## ইন্টার্ন চিকিৎসকদের দাবি যৌক্তিক হলে বিবেচনা করা হবে: স্বাস্থ্যমন্ত্রী

আন্দোলনরত ইন্টার্ন চিকিৎসক, প্রশিক্ষণার্থী চিকিৎসক ও মেডিকেল শিক্ষার্থীদের দাবি কতটুকু যৌক্তিক এবং গ্রহণযোগ্য, তা খতিয়ে দেখার আশ্বাস দিয়েছেন স্বাস্থ্য ও পরিবারকল্যাণমন্ত্রী সরদার সাখাওয়াত হোসেন। সোমবার (৮ জুন) সচিবালয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ের স ভাকক্ষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা জানান। স্বাস্থ্যমন্ত্রী সাখাওয়াত হোসেন বলেন, "স্বাস্থ্য সচিব ও স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক আন্দোলনকারীদের নিয়ে বৈঠকে বসবেন। গণতান্ত্রিক দেশ হিসেবে আন্দোলন করার অধিকার সবারই রয়েছে। আমরা দেখব, তাদের দাবি কতটুকু যৌক্তিক এবং গ্রহণযোগ্য।„ আন্দোলনের কারণে চিকিৎসাসেবা ব্যাহত হচ্ছে কি না - সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, "পরিস্থিতি এখনও ওই পর্যায়ে যায়নি। তারা (চিকিৎসকরা) সাধারণ মানুষকে সেবা দিচ্ছেন এবং চিকিৎসাসেবা অব্যাহত রেখেছেন। আমরা সামগ্রিক বিষয় নিয়ে তাদের সঙ্গে আলোচনা করব।„
(জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৬.২০২৬ রিহাব)

## অবশেষে শূন্যরেখা থেকে ১১ জনকে ফেরত নিলো বিএসএফ

সীমান্তের শূন্যরেখায় অবস্থানের দুইদিন পর ঠাকুরগাঁওয়ের হরিপুর উপজেলার মশালগাঁও সীমান্ত থেকে `পুশ-ইন, করা ১১ জনকে ভারতের অভ্যন্তরে ফিরিয়ে নি য়েছে বিএসএফ। সোমবার (৮ জুন) সকালে দিনাজপুর ব্যাটালিয়নের এক

সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি নিশ্চিত করা হয়। বিজ্ঞপ্তিতে বলা হয় , "দিনাজপুর ব্যাটালিয়নের (৪২ বিজিবি) ঠাকুরগাঁও জেলার দায়িত্বপূর্ণ হরিপুর উপজেলার মশালগাঁও বিওপি এলাকায় ৮ জুন রাত আনুমানিক ৩টার পর বিএসএফ কর্তৃক পূর্বে অবস্থানরত ১১ জনকে ভারতের অভ্যন্তরে অপসারণ করা হয়েছে। বর্তমানে উক্ত ব্যক্তিরা সীমান্তের শূন্যরেখা এলাকায় অবস্থান করছে না। „ দিনাজপুর ব্যাটালিয়ন (৪২ বিজিবি) অধিনায়ক আব্দুল্লাহ আল মঈন হাসান বলেন , সীমান্ত এলাকায় বিজিবির টহল ও নজরদারি কার্যক্রম জো রদার রয়েছে এবং সার্বিক পরিস্থিতি স্বাভাবিক ও নিয়ন্ত্রণে আছে। অবৈধ `পুশ-ইন, ঠেকাতে বিজিবি সীমান্ত এলাকায় কঠোর অবস্থানে রয়েছে বিজিবি। পাশাপাশি বিজিবির সঙ্গে পাহারায় নিয়োজিত হয়েছেন স্থানীয়রাও। উল্লেখ্য, গেল ৫ জুন আনুমানিক রাত সাড়ে ৩টার দিকে হরিপুর উপজেলার মশালগাঁও বিওপির দায়িত্বপূর্ণ এলাকায় সীমান্ত পিলার ৩৪৯/৭-এস এর কাছে বিএসএফ ১১ জন ব্যক্তিকে বাংলাদেশে প্রবেশ করানোর চেষ্টা করে। খবর পেয়ে বিজিবির একটি টহল দল দ্রুত ঘটনাস্থলে পৌঁছে তাদের শনাক্ত করে এবং বাংলাদেশে প্রবেশে বাধা দেয়। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৬.২০২৬ রিহাব)

## মাটি গরম হয়ে ধোঁয়া ওঠা সেই স্থানে গ্যাসের উপস্থিতি নেই: বাপেক্স

শরীয়তপুরের গোসাইরহাটে মাটির তাপমাত্রা অস্বাভাবিকভাবে বেড়ে ধোঁয়া উঠা স্থানটি পরিদর্শন করেছে বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন অ্যান্ড প্রোডাকশন কোম্পানি লিমিটেডের (বাপেক্স) একটি দল। প্রা থমিক পরীক্ষা-নিরীক্ষা শেষে জায়গাটিতে কোনো গ্যাসের উপস্থিতি নেই বলে জানিয়েছেন তারা। সোমবার (৮ জুন) দুপুরে ঘটনাস্থলটি পরিদর্শন শেষে এ তথ্য নিশ্চিত করেন বাপেক্সের ভূতত্ত্ব ও ভূতাত্ত্বিক বিভাগের উপ -ব্যবস্থাপক ইমামুল ইসলাম। স্থানীয় ও বাপেক্স সূত্র জানায়, শুক্রবার (৫ জুন) থেকে গোসাইরহাট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ভেতরে একটি অংশে মাটি স্পর্শ করলেই তীব্র তাপ অনুভূত হওয়া শুরু হয়। পরবর্তীতে তাপমাত্রা না কমলে এবং স্থানীয়দের মধ্যে বিষয়টি ছড়িয়ে পড়লে উৎসুক জনতা ঘটনাস্থলে ভিড় করতে শুরু করেন। খবর পেয়ে শনিবার বিকেলে ফায়ার সার্ভিসের একটি দল ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি পর্যবেক্ষণ করে। তারা প্রাথমিকভাবে ওই এলাকায় মাটির নিচে গর্ত করে পানি দিয়ে তাপমাত্রা নিয়ন্ত্রণের চেষ্টা চালান। এতেও সমাধান না মিললে খবর দেওয়া হয় বাপেক্সকে। সোমবার দুপুরে বাপেক্সের একটি দল প্রাথমিক নিরীক্ষা শেষে স্থানটিতে কোনো গ্যাসের উপস্থিত নেই বলে নিশ্চিত করেছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৬.২০২৬ রিহাব)

## জীবন বাজি রেখে কাজ করেন শান্তিরক্ষীরা, তাদের স্যালুট : শামা ওবায়েদ

জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে দায়িত্ব পালন করা সদস্যদের ভূমিকার প্রশংসা করে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শা মা ওবায়েদ ইসলাম বলেছেন, বাংলাদেশের শান্তিরক্ষীরা বিশ্বশান্তি রক্ষায় যে ত্যাগ স্বীকার করেন , তা অনেকেই যথেষ্ট উপলব্ধি করেন না। তিনি বলেন , বাংলাদেশকে ভালোবেসে ও দেশের সম্মান রক্ষায় জীবনের ঝুঁকি নিয়ে তারা কাজ করে যাচ্ছেন। সোমবার (৮ জুন) দুপুরে রাজধানীর সিরডাপ মিলনায়তনে `বিশ্ব শান্তিরক্ষায় বাংলাদেশি শান্তিরক্ষীদের অবদান, শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ডিফেন্স জার্নালিস্ট অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ডিজাব) এই সভার আয়োজন করে। পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন , বাংলাদেশের শান্তিরক্ষী সদস্যরা যে ভূমিকা রাখেন, আমি আফ্রিকার দেশগুলোতে গিয়ে বিভিন্ন কনফারেন্সে দেখেছি , আমার কাছে মনে হয়েছে , আমরা বাংলাদেশিরা সেটা যথেষ্ট উপলব্ধি করি না। তারা যে অর্জন করে আনেন , সেটা জীবনের চেয়েও বড়ো নয়। তারা জীবন বাজি রেখে কাজ করে যাচ্ছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৬.২০২৬ রিহাব)

## ঈদে বেতন পাননি ৬ লাখ শিক্ষক-কর্মচারী, সংসদে ক্ষোভ

ঈদুল আজহায় বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের প্রায় ৬ লাখ শিক্ষক -কর্মচারী বেতন পাননি বলে অভিযোগ করেছেন কুমিল্লা-২ আসনের সংসদ সদস্য অধ্যক্ষ সেলিম ভুঁইয়া। সোমবার (৮ জুন) জাতীয় সংসদে ৭১ বিধিতে দেওয়া নোটিশে তিনি এই অভিযোগ করেন। তিনি ক্ষোভ প্রকাশ করে এই ঘটনাকে বর্তমান সরকারকে বিতর্কিত করার জন্য একটি বিশেষ গোষ্ঠীর `চক্রান্ত, বলে অভিহিত করেন এবং দোষী ব্যক্তিদের চিহ্নিত করে শাস্তির দাবি জানান। অধ্যক্ষ সেলিম ভুঁইয়া বলেন , অত্যন্ত দুঃখের সঙ্গে জানাতে হচ্ছে যে , বাংলাদেশের ৬ লাখ শিক্ষক -কর্মচারী এবার ঈদুল আজহার আনন্দ থেকে বঞ্চিত হয়েছেন। আজ জুনের ৮ তারিখ হওয়া সত্ত্বেও তাদের মে মাসের বেতন দেওয়া হয়নি। বর্তমান সরকারের আমলে শিক্ষকরা ঈদের আগে বেতন পাবেন না , এটা কোনোভাবেই মেনে নেওয়া যায় না। তিনি অভিযোগ করে বলেন, এই সরকারকে বিতর্কিত করার জন্য শিক্ষকদের মাঝে এবং সংশ্লিষ্ট দপ্তরে একটি গোষ্ঠী চক্রান্ত করছে। তারাই শিক্ষকদের বেতন প্রদান থেকে বিরত রেখেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৬.২০২৬ রিহাব)

## বজ্রপাত ও দুর্যোগ ঝুঁকি কমাতে আধুনিক প্রযুক্তির দিকে যাচ্ছে সরকার

জলবায়ু পরিবর্তনের প্রভাব ও প্রাকৃতিক দুর্যোগের ঝুঁকি মোকাবিলায় বিদ্যমান জাতীয় নীতিমালা আধুনিকায়ন এবং বজ্রপাতে প্রাণহানি কমাতে মাঠপর্যায়ে নানামুখী প্রযুক্তিগত ব্যবস্থা গ্রহণ করছে সরকার। সোমবার (৮ জুন) ত্রয়োদশ সংসদের দ্বিতীয় অধিবেশনে সংসদ সদস্যদের লিখিত প্রশ্নের জবাবে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী আসাদুল হাবিব

দুলু এ কথা বলেন। সংরক্ষিত নারী আসন -১০ এর সংসদ সদস্য নিলোফার চৌধুরী মনির প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, সামগ্রিক ঘূর্ণিঝড়, কালবৈশাখি, টর্নেডো, বন্যা, খরা ও নদীভাঙনের মতো প্রাকৃতিক দুর্যোগের ক্ষয়ক্ষতি কমাতে সরকার এরই মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা আইন ২০১২, জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা নীতিমালা ২০১৫ এবং দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা এবং (২০২১-২০২৫) এবং 'স্ট্যান্ডিং অর্ডারস অন ডিজাস্টার, বা এসওডি প্রণয়ন করেছে। বর্তমান সরকার এই দুর্যোগ ঝুঁকি হ্রাস ও জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় বিদ্যমান পরিকল্পনাগুলোকে আরও সময়োপযোগী ও হালনাগাদ করতে কাজ করছে। তিনি জানান, এরই অংশ হিসেবে এসওডি সংশোধন এবং ২০২৬-২০৩০ মেয়াদের নতুন জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের উদ্যোগ নেওয়া হয়েছে। একইসঙ্গে দুর্যোগ ব্যবস্থাপনায় প্রশিক্ষিত জনবল গঠন, প্রযুক্তিগত উন্নয়ন ও গবেষণা কার্যক্রম গতিশীল করতে প্রধানমন্ত্রী জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের নির্মাণকাজের শুভ উদ্বোধন করেছেন, যা দুর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রমকে আরও শক্তিশালী করবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৬.২০২৬ রিহাব)

## স্পারসোকে স্বনির্ভর মহাকাশ প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার নির্দেশ

বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠানকে (স্পারসো) একটি স্বনির্ভর মহাকাশ গবেষণা প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এ কে এম শামছুল ইসলাম। সোমবার (৮ জুন) রাজধানীর আগারগাঁওয়ে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন স্পারসো পরিদর্শনকালে তিনি এ নির্দেশ দেন। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর) পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, প্রতিরক্ষা উপদেষ্টা স্পারসোতে পৌঁছালে তাকে স্বাগত জানান প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সচিব মো. আশরাফ উদ্দিন ও স্পারসোর চেয়ারম্যান অতিরিক্ত সচিব মো. রাশিদুল ইসলাম। এসময় প্রতিরক্ষা মন্ত্রণালয় ও স্পারসোর ঊর্ধ্বতন কর্মকর্তা উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে প্রতিরক্ষা উপদেষ্টা প্রতিষ্ঠানটির বিভিন্ন বিভাগ ঘুরে দেখেন। তাকে সংশ্লিষ্ট বিভাগ তাদের উদ্ভাবিত ও গবেষণাকৃত কার্যক্রম সম্পর্কে ব্রিফ করে। প্রতিরক্ষা উপদেষ্টা পরিদর্শনকালে বলেন, আধুনিক প্রযুক্তি ও প্রতিরক্ষার সঙ্গে মহাকাশ এবং দূর অনুধাবনের সম্পর্ক অত্যন্ত নিবিড়। মহাকাশ গবেষণা এবং দূর অনুধাবন প্রযুক্তিকে কীভাবে দেশের প্রতিরক্ষা ও জাতীয় নিরাপত্তায় আরও কার্যকরভাবে ব্যবহার করা যায়, সে বিষয়ে জোর দেওয়ার জন্য নির্দেশনা দেন তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৬.২০২৬ রিহাব)

## নদী-খাল-বিল নেই, তবুও হচ্ছে ১২ কোটি টাকার সেতু

জায়গাটিতে নদী বা খাল-বিল নেই। একটি ছোটো জলাশয় থাকলেও তা আবদ্ধ। অর্থাৎ জায়গাটি দিয়ে কোনো পানি প্রবাহিত হয় না। তবুও এমন একটি স্থানেই প্রায় ১২ কোটি টাকা ব্যয়ে নির্মিত হচ্ছে একটি সেতু। ঘটনাটি ফরিদপুরের নগরকান্দা উপজেলায়। এমন একটি সেতুটি বাস্তবায়ন করছে ফরিদপুর সড়ক বিভাগ। স্থানীয়দের ভাষ্য, এখানে সেতু করা মানে সরকারি অর্থের অপচয়। খোঁজ নিয়ে জানা গেছে, ফরিদপুরের গোয়ালন্দ-তাড়াইল আঞ্চলিক সড়কের নগরকান্দা উপজেলার কালীখোলা এলাকায় নির্মিত হচ্ছে সেতুটি। এক সময় এখানে থাকা একটি খালের ওপর একটি সেতু ছিল। কিন্তু এখন সেই স্থানটিতে খাল, নদী-নালা নেই। ওই এলাকায় বাড়ি-ঘর তৈরি হয়েছে অনেক আগেই। ফলে নদী-খালের কোনো অস্তিত্ব নেই। ফরিদপুর সড়ক বিভাগ সূত্রে জানা গেছে, স্থানীয় সরকার বিভাগের অর্থায়নে ৪৪ মিটার দৈর্ঘ্যে ও ৩২ মিটার প্রস্থের প্রায় ১২ কোটি টাকা ব্যয়ে নির্মাণ করা হচ্ছে সেতুটি। বর্তমানে সেতুর পাইলিংয়ের কাজ চলছে। সেতুটি যেখানে নির্মিত হচ্ছে, ফরিদপুরের নগরকান্দা উপজেলার রামনগর ইউনিয়নের কালিখোলা এলাকায়। এখানে এক সময় ভুবনেশ্বর নদী থেকে বের হয়ে আসা গোপালপুর শাখা খাল ছিল। বর্তমানে খালটি বিলীন হয়ে গেছে। সেই সময়ে চলমান খালের ওপরে স্থানীয় সরকার বিভাগ (এলজিইডি) থেকে নির্মিত ৩৬ মিটার দৈর্ঘ্যের একটি পুরোনো সেতু ছিল। সেতুটির প্রস্থ ছিল ১২ ফুট। সেই পুরোনো সেতুটি ভেঙে ফেলে নতুন সেতু নির্মাণ করা হচ্ছে। তবে সময়ের বিবর্তনে দুই পাশেই বাড়িঘর হয়ে যাওয়ায় বর্তমানে নির্মাণাধীন নতুন সেতু নিয়ে প্রশ্ন উঠেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৬.২০২৬ রিহাব)

## ঢামেকে এক সপ্তাহ ধরে বিকল মর্গের ফ্রিজ, মরদেহ সংরক্ষণে ভোগান্তি

ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালের মর্গে ব্যবহৃত ৪০টি মরদেহ ধারণক্ষমতার মরচুয়ারী কুলার (মরদেহ সংরক্ষণের ফ্রিজ) গত এক সপ্তাহ ধরে বিকল অবস্থায় পড়ে আছে। এতে মরদেহ সংরক্ষণ ও ময়নাতদন্ত কার্যক্রমে গুরুতর জটিলতা দেখা দিয়েছে। পরিস্থিতি সামাল দিতে জরুরি ভিত্তিতে কুলারটি মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হাসপাতালের অধ্যক্ষের কাছে লিখিত আবেদন জানিয়েছে ঢামেকের ফরেনসিক মেডিসিন অ্যান্ড টক্সিকোলজি বিভাগ। সোমবার (৮ জুন) বিভাগের পাঠানো একটি স্মারকের অনুলিপি এই প্রতিবেদকের হাতে আসে। স্মারকটি বিভাগের প্রধান অধ্যাপক ডা. কাজী গোলাম মোখলেছুর রহমান স্বাক্ষরিত। স্মারকে উল্লেখ করা হয়, ঢাকা মেডিকেল কলেজের ফরেনসিক মেডিসিন ও টক্সিকোলজি বিভাগের মর্গে থাকা ৪০ মরদেহ ধারণক্ষমতার মরচুয়ারী কুলারটি গত ২ জুন থেকে হঠাৎ অকার্যকর হয়ে পড়ে। ফলে মর্গে মরদেহ সংরক্ষণ এবং নিয়মিত ময়নাতদন্ত কার্যক্রম পরিচালনায় চরম

অসুবিধা সৃষ্টি হয়েছে। দৈনন্দিন কার্যক্রমও মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে বলে এতে উল্লেখ করা হয়। অধ্যক্ষের কাছে পাঠানো স্মারকে আরও বলা হয় , কুলারটি দ্রুত মেরামত করা না হলে পরিস্থিতি আরও জটিল আকার ধারণ করতে পারে। দীর্ঘ সময় এটি অচল থাকলে মরদেহ সংরক্ষণে সংকট তীব্র হওয়ার পাশাপাশি ময়নাতদন্ত কার্যক্রমে বড়ো ধরনের বিঘ্ন ঘটার আশঙ্কা রয়েছে। এ কারণে বিষয়টিকে `অতীব জরুরি, হিসেবে বিবেচনা করে দ্রুত ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়েছে। স্মারকের অনুলিপি উপাধ্যক্ষ, সচিব এবং সংশ্লিষ্ট দপ্তরগুলোতেও পাঠানো হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৬.২০২৬ রিহাব)

## দেশব্যাপী সাড়া জাগানো তিন ঘটনায় পুলিশের১৫ সদস্যকে পুরস্কার

দেশব্যাপী সাড়া জাগানো তিন ঘটনায় বিশেষ কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ পুলিশের ১৫ সদস্যকে পুরস্কার দেওয়া হয়েছে। পুরস্কারপ্রাপ্ত কর্মকর্তাদের প্রত্যেককে মন্ত্রণালয়ের বিশেষ তহবিল থেকে ২০ হাজার টাকা করে আর্থিক অনুদান এবং তিনজন নৌ পুলিশ সদস্যকে আইজি ব্যাজ দেওয়া হয়। সোমবার (৮ জুন) সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে পুলিশ সদস্যদের হাতে পুরস্কার তুলে দেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। অনুষ্ঠান শেষে সাংবাদিকদের স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বর্তমান সরকার `শিষ্টের পালন ও দুষ্টের দমন , এবং `পুরস্কার ও তিরস্কার, নীতিতে বিশ্বাসী। এ নীতির আলোকে পুলিশ বাহিনীর নৈতিক মনোবল বৃদ্ধি এবং তাদের আরও সেবামুখী ও জনবান্ধব হিসেবে গড়ে তুলতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে সরকার। তিনি বলেন , ভালো কাজের স্বীকৃতি এবং মন্দ কাজের জন্য যথাযথ তিরস্কারের সংস্কৃতি পুলিশ সদস্যদের আরও দায়িত্বশীল, আন্তরিক ও ন্যায়নিষ্ঠভাবে দায়িত্ব পালনে অনুপ্রাণিত করবে। পুরস্কারপ্রাপ্তদের কৃতিত্বের মধ্যে ছিল পল্লবীতে শিশু ধর্ষণ ও হত্যার রহস্য উদ্ ঘাটন, দৌলতদিয়া ফেরিঘাটে নৌ পু লিশের বীরত্বপূর্ণ অভিযান এবং মুন্সিগঞ্জের গজারিয়া উপজেলার চাঞ্চল্যকর ক্লু -লেস কিশোরী হত্যা মামলার সফল তদন্ত। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৬.২০২৬ রিহাব)

## তেলের পরিমাপে `পুকুরচুরি,, দারুস সালামের সোহরাব পাম্প সিলগালা

ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকায় গ্রাহকদের জ্বালানি তেল পরিমাপে কারচুপি রোধে দুটি পৃথক মোবাইল কোর্ট অভিযান চালিয়েছে বিএসটিআই। রোববার (৭ জুন) দারুস সালাম এলাকার সোহরাব পেট্রোল পাম্প এবং সোমবার (৮ জুন) মগবাজারের সাংবাদিক সেলিনা পারভীন সড়কের মইন মটরস ফিলিং স্টেশনে পরিচালিত এই বিশেষ অভিযানে দুটি পাম্পে তেল বি ক্রিতে কারচুপির প্রমাণ মিলেছে। সোমবার (৮ জুন) বিএসটিআইয়ের এক বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। এতে বলা হয়, দুইদিনে দুটি ফিলিং স্টেশনকে জরিমানা করা হয় এবং ত্রুটিপূর্ণ ডিসপেন্সিং ইউনিটসমূহ সিলগালা ও বন্ধ করে দেওয়া হয়েছে। বিএসটিআই বলছে , এর মধ্যে সোহরাব সার্ভিস স্টেশনের ৪টি ডিসপেন্সিং ইউনিট যাচাই করা হয়। যার ২টি ইউনিটে মারাত্মক কারচুপি ধরা পড়ে। যেখানে প্রতি ১০ লিটার জ্বালানি তেলে যথাক্রমে ১,০৮০ মিলিমিটার এবং ৯৮০ মিলিমিটার তেল কম পাওয়া যায়। এই অপরাধে `ওজন ও পরিমাপ মানদণ্ড আইন, ২০১৮, অনুযায়ী প্রতিষ্ঠানটিকে ২ লাখ টাকা জরিমানা করা হয় এবং ত্রুটিপূর্ণ ডিসপেন্সিং ইউনিট ২টি তাৎক্ষণিক বন্ধ করে দেওয়া হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৬.২০২৬ রিহাব)

## দেশে দক্ষ জনশক্তি তৈরিতে কাজ করছে১১০ প্রশিক্ষণ প্রতিষ্ঠান

দেশের কর্মক্ষম যুবশক্তিকে দক্ষ জনশক্তিতে পরিণত করতে বর্তমানে সারাদেশে ১১০টি কারিগরি ও কারিগরি -সমমনা প্রশিক্ষণ প্রতিষ্ঠান কাজ করছে। এসব প্রতিষ্ঠানের মাধ্যমে প্রতি বছর ১২ লাখেরও বেশি প্রশিক্ষণার্থীকে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। সোমবার (৮ জুন) ত্রয়োদশ জাতীয় সংসদের বাজেট অধিবেশনের দ্বিতীয় দিনে মাদারীপুর -৩ আসনের সংসদ সদস্য আ নিচুর রহমানের এক লিখিত প্রশ্নের জবাবে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী আরিফুল হক চৌধুরী এ তথ্য জানান। এসময় সংসদ অধিবেশনে সভাপতিত্ব করেন ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল। সংসদ সদস্য আনিচুর রহমান তার প্রশ্নে দেশে বৈদেশিক কর্মসংস্থান উপযোগী দক্ষ জনশক্তি তৈরির জন্য কতটি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) চালু রয়েছে এবং নতুন কেন্দ্র স্থাপনের পরিকল্পনা আছে কি না , তা জানতে চান। জবাবে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী আরিফুল হক চৌধুরী সংসদকে জানান , প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাভুক্ত জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর (বিএমইটি) অধীনে বর্তমানে ১০৪টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) এবং ৬টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজিসহ মোট ১১০টি প্রশিক্ষণ প্রতিষ্ঠান চালু রয়েছে। এসব প্রতিষ্ঠানের মাধ্যমে ৫৫টি কর্মসংস্থান উপযোগী স্বল্প ও দীর্ঘমেয়াদি ট্রেড বা কোর্সে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। আরিফুল হক চৌধুরী আরও বলেন, এ প্রক্রিয়ায় বছরে ১২ লাখের অধিক প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে এবং প্রশিক্ষণপ্রাপ্তরা দেশে ও বিদেশে কর্মসংস্থানের সুযোগ পাচ্ছেন। ভবিষ্যৎ পরিকল্প নার কথা তুলে ধরে মন্ত্রী জানান, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রম সবার জন্য সহজলভ্য করার লক্ষ্যে উপজেলা পর্যায়ে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের উদ্যোগ নেওয়া হয়েছে। এর অংশ হিসেবে `৫০টি উপজেলায় ৫০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন, শীর্ষক একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে, যেখানে মাদারীপুর জেলার শিবচর উপজেলাকেও অন্তর্ভুক্ত করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৬.২০২৬ রিহাব)

## চিফ হুইপের সঙ্গে মার্কিন দূতাবাসের রাজনৈতিক কর্মকর্তার সাক্ষাৎ

জাতীয় সংসদের চিফ হুইপ মো . নূরুল ইসলামের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন যুক্তরাষ্ট্র দূতাবাসের রাজনৈতিক কর্মকর্তা স্টুয়ার্ট জেমস। সোমবার (৮ জুন) জাতীয় সংসদ ভবনে চিফ হুইপের কার্যালয়ে অনুষ্ঠিত এ সাক্ষাতে চলমান বাজেট অধিবেশন, সংসদীয় কার্যক্রম এবং বাংলাদেশ -যুক্তরাষ্ট্র সংসদীয় ককাস গঠনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় চিফ হুইপ বলেন , দেশের সীমিত সম্পদের সর্বোত্তম ও সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে সরকার। বাজেটের কার্যকর বাস্তবায়নের মাধ্যমে জনগণের জীবনমানের উন্নয়ন এবং টেকসই উন্নয়ন নিশ্চিত করাই সরকারের প্রধান লক্ষ্য। তিনি বলেন, দীর্ঘ ১৭ বছরের গণতান্ত্রিক আন্দোলন ও সংগ্রামের পর জনগণের প্রত্যাশার প্রতিফলন ঘটিয়ে একটি কার্যকর সংসদ গঠিত হয়েছে। ত্রয়োদশ জাতীয় সংসদে ২৬০ জন নতুন সদস্য নির্বাচিত হয়েছেন এবং এটি তাদের প্রথম বাজেট অধিবেশন। নূরুল ইসলাম বলেন , নবনির্বাচিত সংসদ সদস্যরা সংসদীয় রীতি-নীতি, কার্যপ্রণালি ও বিধিবিধান আয়ত্তে নি তে আন্তরিকভাবে কাজ করছেন। অতীতে জনগণের মধ্যে সংসদীয় কার্যক্রমের প্রতি আগ্রহ তুলনামূলকভাবে কম ছিল। তবে বর্তমানে সাধারণ মানুষ নিয়মিত সংসদ অধিবেশন অনুসরণ করছে, যা দেশের গণতান্ত্রিক চর্চা ও জবাবদিহিতা প্রতিষ্ঠার জন্য অত্যন্ত ইতিবাচক একটি দিক।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৬.২০২৬ রিহাব)

## রপ্তানির আড়ালে অর্থপাচারের অভিযোগ ভিত্তিহীন: প্রতিমন্ত্রী শরীফুল

বস্ত্র ও পাট প্রতিমন্ত্রী মো . শরীফুল আলম বলেছেন, আগামীর সময় পত্রিকায় প্রকাশিত `রপ্তানির আড়ালে অর্থপাচার, শীর্ষক প্রতিবেদনে আমার সম্পর্কে যে তথ্য উপস্থাপন করা হয়েছে , তা সম্পূর্ণ কাল্পনিক, মনগড়া, ভিত্তিহীন ও উদ্দেশ্যপ্রণোদিত। প্রকাশিত প্রতিবেদন নিয়ে সোমবার (৮ জুন) এক প্রতিক্রিয়ায় প্রতিমন্ত্রী বলেন, প্রতিবেদনে আমাকে বেস্ট লেদার কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক (এমডি) হিসেবে উল্লেখ করা হয়েছে , যা সঠিক নয়। আমি ওই প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক নই এবং কখনও ছিলামও না। তিনি জানান , বেস্ট লেদার কোম্পানি লিমিটেডের একজন পরিচালক হিসেবে তার সম্পৃক্ততা রয়েছে। কিন্তু প্রতিষ্ঠানের বিরুদ্ধে অর্থপাচারের যে অভিযোগ প্রতিবেদনে উত্থাপন করা হয়েছে , তার কোনো বাস্তব ভিত্তি নেই। শরীফুল আলমের দাবি , এ বিষয়ে প্রকাশিত তথ্য মিথ্যা ও বিভ্রান্তিকর। তার ব্যক্তিগত ও রাজনৈতিক ভাবমূর্তি ক্ষুণ্ন করার উদ্দেশ্যেই এ ধরনের তথ্য প্রচার করা হয়েছে। প্রতিমন্ত্রী বলেন, কোনো ধরনের যাচাই-বাছাই ছাড়াই আমার নাম জড়িয়ে এমন প্রতিবেদন প্রকাশ করা দুঃখজনক। প্রতিবেদনে উত্থাপিত অভিযোগের সঙ্গে আমার কোনো সম্পৃক্ততা নেই। তিনি বলেন , প্রকাশিত প্রতিবেদনে ভুল তথ্য উপস্থাপন করা হয়েছে। তাই সংশ্লিষ্ট পত্রিকাকে তাদের নিজ দায়িত্বে ভুল স্বীকার করে সংশোধনী প্রকাশ করতে হবে। যে স্থানে এবং যে গুরুত্বের সঙ্গে মূল প্রতিবেদনটি প্রকাশ করা হয়েছে , একই স্থানে ও সমান গুরুত্ব দিয়ে সংশোধনী প্রকাশেরও দাবি জানান তিনি। এ ধরনের ভিত্তিহীন ও বিভ্রান্তিকর সংবাদ প্রকাশের ঘটনায় তিনি প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেবেন বলেও জানান। (জাগো নিউজ ওয়েব পেজ:০৮.০৬.২০২৬ রিহাব)

## বাজেটে নারী উদ্যোক্তাদের প্রয়োজন বিশেষ করহার ও স্বল্প সুদে ঋণ

বাংলাদেশের মোট জনসংখ্যার হিসাবে নারীর সংখ্যা পুরুষের চেয়ে সামান্য বেশি। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) সবশেষ তথ্য অনুযায়ী, প্রতি ১০০ জন নারীর বিপরীতে পুরুষ ৯৬ দশমিক ৩৩ জন। সে হিসাবে জনসংখ্যার বড়ো অংশই এখন নারী। তৈরি পোশাকশিল্প , কৃষি, ক্ষুদ্র উদ্যোগ, সেবা খাত এবং অনানুষ্ঠানিক অর্থনীতিতে নারীদের অবদান দেশের অর্থনৈতিক অগ্রগতির অন্যতম চালিকাশক্তি। অথচ ব্যবসা ও শিল্পপ্রতিষ্ঠানের মালিকানায় নারীদের উপস্থিতি এখনো খুবই সীমিত। বিশ্বব্যাংকের তথ্য বলছে , বাংলাদেশে মাত্র ৭ শতাংশ প্রতিষ্ঠানে নারীদের মালিকানা অংশীদারত্ব রয়েছে, যা নিম্ন-মধ্যম আয়ের দেশগুলোর গড়ের তুলনায় অনেক কম। অন্যদিকে , জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি) বলছে, বাংলাদেশে প্রায় ২৮ লাখ নারী-নেতৃত্বাধীন ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (এসএমই) রয়েছে, যা মোট এসএমই খাতের প্রায় ২৫ শতাংশ। এসব প্রতিষ্ঠানে প্রায় ৮৪ লাখ মানুষের কর্মসংস্থান হয়েছে। তবে দেশের নিবন্ধিত ব্যবসা প্রতিষ্ঠানের মাত্র ৭ দশমিক ২ শতাংশ নারীদের মালিকানাধীন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৬.২০২৬ রুবাইয়া)

## হালাল বাণিজ্যে বাংলাদেশ-ইন্দোনেশিয়ার বড়ো সম্ভাবনা

বাংলাদেশ ও ইন্দোনেশিয়ার মধ্যে গতানুগতিক বাণিজ্যের বাইরে হালাল পণ্যের বড়ো সম্ভাবনা দেখছেন ঢাকায় নিযুক্ত ইন্দোনেশিয়ার রাষ্ট্রদূত মিস লিসতিওয়াতি। সোমবার (৮ জুন) রাজধানীর মতিঝিলে এফবিসিসিআই ও ইন্দোনেশিয়ার উচ্চপর্যায়ের ব্যবসায়ী প্রতিনিধিদলের মধ্যে অনুষ্ঠিত সভায় এ কথা বলেন তিনি। লিসতিওয়াতি বলেন , গতানুগতিক বাণিজ্যের বাইরে বিভিন্ন হালাল পণ্য যেমন প্রক্রিয়াজাত খাদ্য , ফ্যাশন সামগ্রী, ফার্মাসিউটিক্যালস, চিকিৎসা সরঞ্জাম, স্বাস্থ্যসেবা, ডিজিটাল প্রযুক্তি এবং উদীয়মান খাতগুলো বাংলাদেশ ও ইন্দোনেশিয়ার ব্যাপক বাণিজ্য সম্ভাবনা রয়েছে। উল্লেখ্য, আগামী ৮ থেকে ১২ জুলাই ইন্দোনেশিয়ার রাজধানী জাকার্তায় অনুষ্ঠিত হতে যাচ্ছে `ডি-৮ হালাল এক্সপো

২০২৬।, বাংলাদেশের ব্যবসায়ীদের নিজ নিজ পণ্য নিয়ে ওই প্রদর্শনীতে অংশ নেওয়ার আহ্বান জানান রাষ্ট্রদূত লিসতিওয়াতি। ইন্দোনেশিয়ার রাষ্ট্রদূত বলেন , আমরা প্রত্যাশা করছি , বাংলাদেশ থেকে একটি উচ্চপর্যায়ের বাণিজ্য প্রতিনিধিদল হালাল এক্সপোতে অংশ নেবে। এ সংক্রান্ত বিষয়ে ঢাকায় অবস্থিত ইন্দোনেশিয়ার দূতাবাস সব ধরনের সহযোগিতা করবে। তিনি হালাল পণ্য বলতে শুধু হালাল মাংস বা হালাল খাদ্যকে বোঝায় না, হালাল পণ্যের তালিকায় রয়েছে পোশাক, কসমেটিকস, ঔষধ, স্বাস্থ্যসেবা, মেডিকেল সরঞ্জাম, হালাল অর্থায়ন, পর্যটন প্রভৃতি।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৬.২০২৬ রুবাইয়া)

## বিএনপিকে আইসিএপিপির স্থায়ী কমিটিতে যোগ দেওয়ার আহ্বান

বিএনপির প্রতিনিধিদলের সঙ্গে এশীয় রাজনৈতিক দলসমূহের আন্তর্জাতিক সম্মেলনের মহাসচিব অ্যাম্বাসেডর ওহ সং - এর সৌজন্য সাক্ষাৎ হয়েছে। বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান এ তথ্য জানান। সোমবার (৮ জুন) বিকেলে ঢাকায় সফররত এশীয় রাজনৈতিক দলসমূহের আন্তর্জাতিক সম্মেলনের মহাসচিব অ্যাম্বাসেডর ওহ সং বিএনপি চেয়ারম্যানের গুলশানের রাজনৈতিক কার্যালয়ে বিএনপি চেয়ারম্যানের উপদেষ্টা কাউন্সিলের সদস্য ও প্রধানমন্ত্রীর জনপ্রশাসন বিষয়ক উপদেষ্টা (মন্ত্রী পদমর্যাদা ) মো. ইসমাইল জবিউল্লাহর সঙ্গে সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয় , আঞ্চলিক রাজনৈতিক সহযোগিতা , গণতন্ত্রের বিকাশ এবং এশীয় রাজনৈতিক দলসমূহের আন্তর্জাতিক সম্মে লন ও বিএনপির মধ্যকার সম্পর্ক আরও জোরদারের বিভিন্ন দিক নিয়ে আলোচনা হয়। এসময় বিএনপির ভাইস চেয়ারম্যান ড . আসাদুজ্জামান রিপন , বিএনপি চেয়ারম্যান ও প্রধানমন্ত্রীর উপদেষ্টা মাহদী আমিন এবং বিএনপির যুগ্ম মহাসচিব সৈয়দ এমরান সালেহ প্রিন্স উপস্থিত ছিলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৬.২০২৬ রুবাইয়া)

## ৬০৫ খুন ১০০ দিনে নয়, ঘটেছে দুই মাসে ও অধিকাংশই ব্যক্তিগত বিরোধজনিত

দেশে ১০০ দিনে ৬০৫ খুন নিয়ে বিভিন্ন সংবাদমাধ্যমে প্রকাশিত প্রতিবেদনের বিষয়ে নিজেদের অবস্থান তুলে ধরেছে পুলিশ সদর দপ্তর। তাদের দাবি , প্রকাশিত তথ্যের উপস্থাপনা য় গুরুত্বপূর্ণ প্রেক্ষাপট ও শ্রেণিবিভাগ অনুপস্থিত থাকায় জনমনে বিভ্রান্তি তৈরি হতে পারে। সোমবার (৮ জুন) এক বিশ্লেষণধর্মী বক্তব্যে পুলিশ জানায় , ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) বরাতে `১০০ দিনে দেশে ৬০৫টি খুন, সংবাদ প্রকাশিত হওয়ার পর বিষয়টি তাদের নজরে আসে। তবে পুলিশের সংরক্ষিত পরিসংখ্যান অনুযায়ী, গত মার্চ-এপ্রিল এই দুই মাসে মোট ৬০৫টি হত্যা মামলা নথিভুক্ত হয়েছে, যা ১০০ দিনের নয়। পুলিশের তথ্য অনুযায়ী, নথিভুক্ত ৬০৫টি হত্যাকাণ্ডের মধ্যে সবচেয়ে বেশি ৩৩৬টি বা ৫৫ দশমিক ৫ শতাংশ ঘটেছে পূর্ব শত্রুতার জেরে। এছাড়া পারিবারিক কলহে ১৪৬টি বা ২৪ দশমিক ১ শতাংশ এবং সম্পত্তি ও অর্থনৈতিক বিরোধে ৬৯টি বা ১১ দশমিক ৪ শতাংশ হত্যাকাণ্ড ঘটেছে। সেই সঙ্গে আকস্মিক আঘাতে ১৯টি, আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে নয়টি , প্রেম বা পরকিয়ার জেরে পাঁচটি , ছিনতাইকারীর হাতে ছয়টি , দাঙ্গা-দস্যুতা-অপহরণসহ অন্যান্য ঘটনায় ১৫টি এবং রাজনৈতিক কারণে মাত্র তিনটি হত্যাকাণ্ড সংঘটিত হয়েছে বলে জানায় পুলিশ। বাহিনীটি বলছে , এই শ্রেণিবিন্যাস বিশ্লেষণ করলে দেখা যায় - অধিকাংশ হত্যাকাণ্ড ব্যক্তিগত , পারিবারিক বা অর্থনৈতিক বিরোধ থেকে সংঘটিত হয়েছে। ফলে সামগ্রিক আইন-শৃঙ্খলা পরিস্থিতিকে শুধু মোট সংখ্যার ভিত্তিতে মূল্যায়ন করলে বাস্তব চিত্র আড়াল হতে পারে। পুলিশের দাবি , গত এক দশকে দেশে বছরে খুনের মামলার সংখ্যা সাধারণত তিন হাজার থেকে সাড়ে চার হাজারের মধ্যে ওঠানামা করেছে। সেই হিসেবে দুই মাসে ৬০৫টি হত্যাকাণ্ডের হার বার্ষিক হিসাবে প্রায় তিন হাজার ৬৩০টির সমান, যা অতীত প্রবণতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। এছাড়া দেশের প্রায় ১৮ কোটি জনসংখ্যার তুলনায় গত দুই মাসে প্রতি লাখে হত্যার হার শূন্য দশমিক ৩৪, যা আন্তর্জাতিক মানদণ্ডে উচ্চহার হিসেবে বিবেচিত নয় বলেও উল্লেখ করা হয়। পুলিশ সদর দপ্তর আর ও জানায়, ২০২৪ সালের ৫ আগস্ট পরবর্তী সময়ে মামলা নথিভুক্তকরণে অধিক স্বচ্ছতা এসেছে। সক্রিয়ভাবে মামলা নেওয়াকে তারা জবাবদিহি ও তথ্য সংরক্ষণের ইতিবাচক দিক হিসেবে দেখছে। অপরাধ বিশ্লেষণ ও আইন -শৃঙ্খলা পরিস্থিতি মূল্যায়নে পূর্ণ শ্রেণিবিন্যাস, ঐতিহাসিক তুলনা ও জনসংখ্যা ভিত্তিক হার উপস্থাপনের আহ্বান জানিয়েছে পুলিশ। তাদের ভাষ্য , শুধু সংখ্যার ভিত্তিতে পরিস্থিতি মূল্যায়ন করলে বাস্তবতা পুরোপুরি প্রতিফলিত হয় না।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৮.০৬.২০২৬ রুবাইয়া)

## ১০ মাসে বাণিজ্য ঘাটতি বেড়ে ২২.২১ বিলিয়ন ডলার

বিশ্ববাজারে জ্বালানি ও বিভিন্ন পণ্যের মূল্যবৃদ্ধির পাশাপাশি আমদানি ব্যয় বেড়ে যাওয়ায় বাংলাদেশের বাণিজ্য ঘাটতি আরও বিস্তৃত হয়েছে। চলতি ২০২৫-২৬ অর্থবছরের প্রথম ১০ মাসে (জুলাই-এপ্রিল) দেশের বাণিজ্য ঘাটতি বেড়ে ২২ দশমিক ২১ বিলিয়ন ডলারে পৌঁছেছে। এর মধ্যে শুধু এপ্রিল মাসেই ঘাটতি বেড়েছে ৩ দশমিক শূন্য ৪ বিলিয়ন ডলার। খাতসংশ্লিষ্টরা বলছেন, বাণিজ্য ঘাটতি বৃদ্ধির অন্যতম প্রধান কারণ হলো আমদানি নির্ভরতা বৃদ্ধি। উৎপাদন ও বিনিয়োগ সম্প্রসারণের সঙ্গে জ্বালানি, কাঁচামাল এবং মূলধনি যন্ত্রপাতির আমদানিও বেড়েছে। একইসঙ্গে আন্তর্জাতিক বাজারে জ্বালানির উচ্চমূল্য, বৈশ্বিক অর্থনৈতিক অস্থিরতা এবং রপ্তানি প্রবৃদ্ধির সীমাবদ্ধতা পরিস্থিতিকে আরও জটিল

করে তুলেছে। এরফলে বৈদেশিক মুদ্রার রিজার্ভ, টাকার মান ও মূল্যস্ফীতির ওপর চাপ সৃষ্টি হতে পারে। তারা ঘাটতি কমাতে রপ্তানি বহুমুখীকরণ, নতুন বাজার অনুসন্ধান, জ্বালানি আমদানি নির্ভরতা হ্রাস এবং উৎপাদন বাড়ানোর ওপর গুরুত্ব দেওয়ার পরামর্শ দেন। তাদের মতে, বাণিজ্য ঘাটতির এ প্রবণতা বৈদেশিক মুদ্রার রিজার্ভ, টাকার বিনিময় হার এবং মূল্যস্ফীতির ওপর অতিরিক্ত চাপ সৃষ্টি করতে পারে। এ পরিস্থিতি মোকাবিলায় রপ্তানি পণ্যের বহুমুখীকরণ, নতুন বাজার অনুসন্ধান, জ্বালানি আমদানি নির্ভরতা কমানো এবং দেশীয় উৎপাদন সক্ষমতা বাড়ানোর ওপর গুরুত্ব দিতে হবে।(জাগো নিউজ ওয়েব পেজ : ০৮.০৬.২০২৬ নারগীস)

**ইরানে হামলা চালালে যুক্তরাষ্ট্রের সমর্থন হারাতে পারে ইসরায়েল : নেতানিয়াহুকে ট্রাম্প**

ইরানে ফের হামলা চালানোর পরিণতির বিষয়ে ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুকে সতর্ক করেছিলেন বলে জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি জানান, তিনি বেঞ্জামিন নেতানিয়াহুকে সতর্ক করে দিয়েছিলেন যে, ইসরায়েল যদি আবার ইরানে হামলা চালায়, তাহলে দেশটি যুক্তরাষ্ট্রের সমর্থন হারাতে পারে। সোমবার (৮ জুন) যুক্তরাষ্ট্রভিত্তিক সংবাদমাধ্যম অ্যাক্সিওসের বরাতে এ তথ্য জানায় কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল-জাজিরা। প্রতিবেদনে বলা হয়, ট্রাম্প বলেন, আমি বলেছিলাম, বিবি (নেতানিয়াহু), তোমাকে সতর্ক থাকতে হবে। নাহলে শিগগির তুমি একা হয়ে যাবে। রোববার সকালে বৈরুতে ইসরায়েলের হামলার পর এর জবাবে রাতে ইরান উত্তর ইসরায়েলে ক্ষেপণাস্ত্র হামলা চালায়। এরপর রাতেই এক ফোনালাপে ট্রাম্প নেতানিয়াহুকে ইরানের বিরুদ্ধে পাল্টা হামলা না চালানোর আহ্বান জানান। এ বিষয়ে অ্যাক্সিওসকে ট্রাম্প বলেন, ইরান আমাদের ফোন করে জানিয়েছে যে, তারা আর কোনো হামলা করবে না। তারা আমাদের অনুরোধ করেছে যেন আমরা ইসরায়েলকে বলি, তারাও আর কোনো হামলা না চালায়।(জাগো নিউজ ওয়েব পেজ : ০৯.০৬.২০২৬ নারগীস)

**যুক্তরাষ্ট্র না চাইছে যুদ্ধবিরতি, না সংলাপ : ইরানের পার্লামেন্ট স্পিকার**

চলমান যুদ্ধ বন্ধে কূটনৈতিক সমাধানে যুক্তরাষ্ট্র আগ্রহী নয় বলে মনে করছেন, ইরানের পার্লামেন্টের স্পিকার মোহাম্মদ বাঘের গালিবাফ। তিনি বলেন, যুক্তরাষ্ট্র না যুদ্ধবিরতি চাইছে, না সংলাপ চাইছে। ইরানের উচিত জনগণের অধিকার রক্ষায় দৃঢ়ভাবে জবাব দেওয়া। সোমবার (৮ জুন) মোহাম্মদ বাঘের গালিবাফ বলেন, আমরা প্রতিশ্রুতি বা স্লোগান-নির্ভর পথে এগোতে চাই না। বরং ইরানের ক্ষমতা ও প্রজ্ঞার ভিত্তিতে পরিকল্পিত বিজয় অর্জনের চেষ্টা করতে হবে। গালিবাফ আরও বলেন, সামরিক ক্ষেত্র, কূটনৈতিক ক্ষেত্র, জনসম্পৃক্ততার ক্ষেত্র এবং জনগণের সেবার ক্ষেত্র- সব একই বস্ত্রের সুতা ও তন্তুর মতো পরস্পর সম্পর্কযুক্ত। যদি আমরা কূটনীতিকে শুধু বন্ধ কক্ষের আলোচনা ও কূটনৈতিক হাসির মধ্যে সীমাবদ্ধ মনে করি, তাহলে শুরু থেকেই আমরা ব্যর্থ হবো।
(জাগো নিউজ ওয়েব পেজ : ০৯.০৬.২০২৬ নারগীস)

## রেডিও টুডে

**অ্যাক্রেডিটেশন পণ্যের মান নিশ্চিত করে শিল্পখাতকে এগিয়েনেয় : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন , অ্যাক্রেডিটেশন কেবল একটি সনদ বা স্বীকৃতি নয় , এটি দেশের শিল্পখাতকে বৈশ্বিক প্রতিযোগিতায় টিকিয়ে রাখার একটি শক্তিশালী হাতিয়ার। আগামীকাল বিশ্ব অ্যাক্রেডিটেশন দিবস উপলক্ষ্যে আজ দেওয়া এক বাণীতে তিনি এ কথা বলেন। দিবসটির এ বছরের প্রতিপাদ্য, `উদ্ভাবন, আস্থা এবং টেকসই উন্নয়ন : অ্যাক্রেডিটেশনের শক্তি।, তারেক রহমান বলেন , "অ্যাক্রেডিটেশন একটি আন্তর্জাতিকভাবে স্বীকৃত মান নিশ্চিতকরণ ব্যবস্থা, যা নির্দিষ্ট মানদণ্ডের ভিত্তিতে পণ্য ও সেবার গুণগত মান যাচাই করে। অ্যাক্রেডি টেশন কেবল একটি সনদ বা স্বীকৃতি নয়, এটি দেশের শিল্পখাতকে বৈশ্বিক প্রতিযোগিতায় টিকিয়ে রাখার একটি শক্তিশালী হাতিয়ার। „ তিনি বলেন, "অ্যাক্রেডিটেশনের মাধ্যমে বিএবি বাংলাদেশের পণ্য ও সেবাকে বিশ্ববাজারে আরো গ্রহণযোগ্য ও বিশ্বাসযোগ্য করে তুলছে। এ পর্যন্ত বিএবি দেশে ১৬৮টি সরকারি, বেসরকারি ও বহুজাতিক প্রতিষ্ঠানকে অ্যাক্রেডিটেশন সনদ প্রদান করেছে।„ প্রধানমন্ত্রী বলেন , "বর্তমানে পাঁচটি ক্ষেত্রভিত্তিক স্কিমের মাধ্যমে এ কার্যক্রম পরিচালিত হচ্ছে , যা আন্তর্জাতিক মানদণ্ড অনুসরণ করে বাস্তবায়ন করা হচ্ছে। „ তারেক রহমান বলেন, "বর্তমান বিশ্বে উদ্ভাবন, আস্থা এবং টেকসই উন্নয়ন একে অপরের সঙ্গে ঘনিষ্ঠভাবে সম্পর্কযুক্ত এবং অর্থনৈতিক অগ্রগতির অন্যতম ভিত্তি। এ প্রেক্ষাপটে শিল্প মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন বোর্ড কর্তৃক বিশ্ব অ্যাক্রেডিটেশন দিবস ২০২৬ উদ্‌যাপনের উদ্যোগ সময়োপযোগী।„ (রেডিও টুডে ওয়েব পেজ:০৮.০৬.২০২৬ আসাদ)

**বাংলাদেশিদের ই-ভিসা দেবে ফিলিপাইন**

বাংলাদেশি নাগরিকদের জন্য আজ থেকে ই -ভিসা ইস্যু করার ঘোষণা দিয়েছে ফিলিপাইন। পর্যটনের উদ্দেশ্যে গমনে ইচ্ছুকদের আগের স্টিকার ভিসা ইস্যু বন্ধ করে দিচ্ছে দূতাবাস। এখন থেকে অনলাইনে ই -ভিসার জন্য আবেদন করতে হবে। ফিলিপাইনের ই -ভিসার জন্য যোগ্য এবং অস্থায়ী ভ্রমণের জন্য ফিলিপাইনে প্রবেশ করতে ইচ্ছুক বাংলাদেশের নাগরিকদের অফিসিয়াল ওয়েবসাইট evisa.gov.ph-এর মাধ্যমে অনলাইনে তাদের আবেদন জমা

দিতে পারেন। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত ফিলিপাইন দূতাবা সে ই-ভিসা ফি পরিশোধ করতে হবে। অনুমোদিত ই-ভিসা, একবার দূতাবাস দ্বারা ইস্যু করা হলে আবেদনকারীরা ব্যক্তিগত কম্পিউটার , ল্যাপটপ, মোবাইল ডিভাইস ইত্যাদি মাধ্যমে ডাউনলোড করতে পারবেন এবং ডিজিটাল বা মুদ্রিত ফরমেটে ইমিগ্রেশনে দেখাতে পারবেন।
(রেডিও টুডে ওয়েব পেজ: ০৮.০৬.২০২৬ এলিনা)

## আদ দ্বীন হাসপাতালের বিষয়ে সিদ্ধান্ত নিতে পিছপা হবে না সরকার

রাজধানীর আদ-দ্বীন হাসপাতালে ছয় নবজাতকের মৃত্যুর ঘটনায় ঘটনায় জনস্বার্থে সিদ্ধান্ত নিতে সরকার পিছপা হবে না বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। আজ (সোমবার, ৭ জুন) এ কথা জানিয়েছেন মন্ত্রী। সরদার সাখাওয়াত হোসেন জানান , আগামীকাল (মঙ্গলবার, ৮ জুন) হাসপাতাল কর্তৃপক্ষের জবাব পাওয়ার পর প্রতিষ্ঠানটির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। বিগত সরকারের সমালোচনা করে মন্ত্রী বলেছেন , অন্তর্বর্তী সরকারের সময়ে ঠিকমতো টিকা দেওয়া হয়নি এটা সত্য ।তবে পরিস্থিতি মোকাবিলায় বর্তমান সরকার টিকা কার্যক্রম চালিয়ে হামকে নির্মূল করতে চায়। এদিকে, ছয় নবজাতকের মৃত্যুর ঘটনায় স্বাস্থ্য অধিদপ্তরের দেওয়া কারণ দর্শানোর নোটিশের জবাব দিতে গতকাল (রোববার, ৬ জুন) আরও ৪৮ ঘণ্টা সময় দেওয়া হয়। চিকিৎসাধীন অবস্থায় অবহেলায় ছয় নবজাতকের মৃত্যুর ঘটনায় হাসপাতালের লাইসেন্স কেন বাতিল করা হবে না- এই মর্মে স্বাস্থ্য অধিদপ্তর থেকে আদ-দ্বীন হাসপাতাল কর্তৃপক্ষকে শোকজ করা হয়েছিল।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৮.০৬.২০২৬ এলিনা)

## সরাইলে যাত্রীবাহী বাস খাদে পড়ে নারী-শিশুসহ নিহত ৪

ব্রাহ্মণবাড়িয়ার সরাইলে যাত্রীবাহী বাস নিয়ন্ত্রণ হারিয়ে খাদে পড়ে নারী ও শিশুসহ ৪ জন নিহত হয়েছেন। সোমবার দুপুর ১২টার দিকে উপজেলার বৈশ্বামোড়া এলাকার ঢাকা -সিলেট মহাসড়কে এ দুর্ঘটনা ঘটে। নিহতদের মধ্যে দুইজন পুরুষ, একজন নারী ও একজন শিশু। এদের মধ্যে দুইজনের নাম জানা গেছে। এরা হলে ন- সরাইল উপজেলার শাহবাজুরের আরস আলী মুন্সি (৭০) ও হবিগঞ্জের মাধবপুর উপজেলার মৌসুমি দাস (৩০)।
(রেডিও টুডে ওয়েব পেজ: ০৮.০৬.২০২৬ এলিনা)

## পৃথিবীর কোনো সংবিধানই নিখুঁত নয়: আসিফ নজরুল

১৯৭২ সালের সংবিধান নিয়ে সমাজে `অতিকথন, রয়েছে বলে মনে করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ে র (ঢাবি) আইন বিভাগের অধ্যাপক ও অন্তর্বর্তী সরকারের সাবেক উপদেষ্টা ড . আসিফ নজরুল। তার মতে , পৃথিবীর কোনো সংবিধানই নিখুঁত নয়। সংবিধান নিজে কোনো পাপ করতে পারে না। প্রতিটি সংবিধানে ভালো ও মন্দ দুটোই থাকে। সোমবার (৮ জুন) সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে দেওয়া স্ট্যা টাসে তিনি এ কথা বলেন। স্ট্যাটাসে আসিফ নজরুল লেখেন, `১৯৭২ সালের সংবিধান নিয়ে আমাদের সমাজে অতিকথন রয়েছে। কারও কাছে এটি বেদবাক্য , আবার কারও কাছে ছুড়ে ফেলে দেওয়ার মতো কিছু। অথচ বাস্তবতা হলো - পৃথিবীর কোনো সংবিধানই নিখুঁত নয়।, `প্রতিটি সংবিধানে ভালো ও মন্দ দুটোই থাকে। আমরা প্রায়ই এটা বুঝি না, কিংবা বুঝতে চাই না,, যোগ করেন তিনি। `এটাও আমরা বুঝি না যে , সংবিধান নিজে কোনো পাপ করতে পারে না , উল্লেখ করে ঢাবির আইন বিভাগের এ অধ্যাপক বলেন, `একই সংবিধান নিয়ে ভারতে গুজরালও (সাবেক প্রধানমন্ত্রী ইন্দ্র কুমার গুজরাল ) শাসন করেছে, মোদিও (বর্তমান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ) করছে।, `আবার সংবিধানহীন ব্রিটেনে সুশাসন এসেছে ,- জানিয়ে তিনি লেখেন, `সেরা সংবিধানের মালদ্বীপ সেখানে ব্যর্থ হয়েছে। রাষ্ট্রের সাফল্য বা ব্যর্থতার একমাত্র কারণ তাই সংবিধান নয়। এক্ষেত্রে রাজনৈতিক সংস্কৃতি , প্রতিষ্ঠান ও নেতৃত্বও সমান গুরুত্বপূর্ণ। , তাই শুধু আবেগ নয় , ১৯৭২ সালের সংবিধান এবং রাষ্ট্র নির্মাণে তার ভূমিকা নিয়ে নির্মোহ পর্যালোচনা প্রয়োজন বলে মনে করেন আসিফ নজরুল। তার মতে, `সেটা করতে হলে ১৯৭২ সালের সংবিধান প্রণীত হয়েছিল যে , গণপরিষদে তাকে বুঝতে হবে। জানতে হবে , কী বিবেচনায় কী বিধান এসেছিল সংবিধানে , কোন প্রস্তাব, কীভাবে গ্রহণ করা হয়েছিল গণপরিষদে। কেমন ছিল সদ্যস্বাধীন দেশের গণপরিষদের নতুন রাষ্ট্রচিন্তা।, নিজের বই `সংবিধান বিতর্ক ১৯৭২, সেই তাড়না থেকে লিখেছিলেন উল্লেখ করে অন্তর্বর্তী সরকারের সাবেক এ উপদেষ্টা স্ট্যা টাস বলেন, `আমি উপদেষ্টা থাকাকালীন সময়ে বইটির দ্বাদশ মুদ্রণ প্রকাশিত হয়েছে। আমার আরও কয়েকটি বই পাঠক প্রিয়তা পেয়েছে , কিন্তু এই বইটির নতুন মুদ্রণের খবর শুনলে আলাদা একটা আনন্দ অনুভব করি।,(রেডিও টুডে ওয়েব পেজ: ০৮.০৬.২০২৬ এলিনা)

## বৈশ্বিক ইস্যু নিয়ে আলোচনা করবে বাংলাদেশ ও রাশিয়া

বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড . খলিলুর রহমান ও রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রী সের্গেই ল্যাভরভের মধ্যে মস্কোতে অনুষ্ঠেয় বৈঠকে দুই দেশের দ্বিপক্ষীয় সহযোগিতার বর্তমান অবস্থা ও ভবিষ্যৎ সম্ভাবনা পর্যালোচনা করা হবে। পাশাপাশি গুরুত্বপূর্ণ আঞ্চলিক ও আন্তর্জা তিক বিভিন্ন বিষয়েও মতবিনিময় হবে। বৈঠকটি উভয়ের মধ্যে আজ মস্কোয় অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। আজ সোমবার (৮ জুন) ঢাকায় রাশিয়ান দূতাবাসের মাধ্যমে প্রচারিত রুশ পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়েছে। বলা হয় , বর্তমান রাজনৈতিক পরিস্থিতি যাই হোক না কেন, আমাদের দুই

দেশের মধ্যে রাজনৈতিক সংলাপ ধারাবাহিকভাবে এগিয়ে চলছে। উচ্চপর্যায়ের যোগাযোগসহ বিভিন্ন পর্যায়ে নিয়মিত যোগাযোগ বজায় রয়েছে। বিবৃতিতে আরও বলা হয় , রুশ পররাষ্ট্রমন্ত্রী ল্যাভরভের আমন্ত্রণে ড . খলিলুর রহমান ৭ থেকে ৯ জুন পর্যন্ত তিনদিনের সরকারি সফরে রা শিয়া অবস্থান করছেন। এ সফর তার বর্তমান দায়িত্ব গ্রহণের পর রাশিয়ায় প্রথম সরকারি সফর। রুশ পররাষ্ট্র মন্ত্রণালয় উল্লেখ করে, ফেব্রুয়ারিতে অনুষ্ঠিত জাতীয় সংসদ নির্বাচনের পর গঠিত নতুন সরকারের প্রতিনিধিত্ব করছেন ড. খলিলুর রহমান। বৈঠকে বাংলাদেশ-রাশিয়া সম্পর্কের বর্তমান অবস্থা ও ভবিষ্যৎ সম্ভাবনা নিয়ে আলোচনা ছাড়াও আঞ্চলিক ও আন্তর্জাতিক অঙ্গনের গুরুত্বপূর্ণ বিভিন্ন বিষয় নিয়ে দুই পররাষ্ট্রমন্ত্রীর মধ্যে মতবিনিময় হবে। রাশিয়া বাংলাদেশকে দক্ষিণ এশিয়ায় তাদের দীর্ঘদিনের অংশীদার হিসেবে উল্লেখ করে বলেছে, রাজনৈতিক পরিস্থিতির প রিবর্তন সত্ত্বেও দুই দেশের মধ্যে রাজনৈতিক সংলাপ এগিয়ে চলেছে। সফরসূচির অংশ হিসেবে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী রাশিয়ার ফেডারেল অ্যাসেম্বলির ফেডারেশন কাউন্সিলের শীর্ষ নেতৃত্বের সঙ্গেও সাক্ষাৎ করবেন। রুশ পররাষ্ট্র মন্ত্রণালয়ের মতে , বাণিজ্য, জ্বালানি, শিক্ষা ও বহুপাক্ষিক কূটনীতিসহ বিভিন্ন ক্ষেত্রে দুই দেশের সহযোগিতা অব্যাহত রয়েছে। সাম্প্রতিক বছরগুলোতে বাংলাদেশ ও রাশিয়ার মধ্যে দ্বিপক্ষীয় বাণিজ্যের পরিমাণ নিয়মিতভাবে ২০০ কোটি মার্কিন ডলারের বেশি রয়েছে। রাশিয়া বাংলাদেশে প্রধানত শিল্প সরঞ্জাম , খনিজ সার ও গম রপ্তানি করে। অন্যদিকে বাংলাদেশ থেকে তৈরি পোশাক ও সামুদ্রিক খাদ্য আমদানি করে। বিবৃতিতে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রকে দুই দেশের সহযোগিতার সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রকল্প হিসেবে উল্লেখ করা হয়। এতে বলা হয়, গত ২৮ এপ্রিল প্রকল্পটির প্রথম ইউনিট চালু হয়েছে এবং দ্বিতীয় ইউনি টও চলতি বছরের মধ্যেই উৎপাদনে আসতে পারে। মস্কোর মতে, কেন্দ্রটি পূর্ণ সক্ষমতায় চালু হলে বাংলাদেশের মোট বিদ্যুৎ চাহিদার প্রায় ১০ শতাংশ সরবরাহ করতে সক্ষম হবে। রাশিয়া শিক্ষা ক্ষেত্রেও সহযোগিতা বৃদ্ধির কথা উল্লেখ করে জানিয়েছে , ২০২৫-২৬ শিক্ষাবর্ষে তাদের ফেডারেল বৃত্তি কর্মসূচির আওতায় বাংলাদেশি শিক্ষার্থীদের জন্য ১৮৫টি বৃত্তি বরাদ্দ করা হয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ: ০৮.০৬.২০২৬ এলিনা)

## ব্যাংক হিসাব খুলতে ও চালু রাখতে বাধ্যতামূলক হচ্ছে টিআইএন

করের আওতা বাড়াতে এবার ব্যাংক হিসাব খোলার জন্য ট্যাক্সপেয়ার আইডেন্টিফিকেশন নম্ব র (টিআইএন) বাধ্যতামূলক করতে যাচ্ছে সরকার। শুধু নতুন হিসাব খোলাই নয় , বিদ্যমান ব্যাংক হিসাব সচল রাখতেও টিআইএন থাকার বাধ্যবাধকতা আরোপের পরিকল্পনা রয়েছে। তবে শিক্ষার্থী , সরকারি ভাতাভোগী এবং গেজেটের মাধ্যমে কর অব্যাহতি পাওয়া ব্যক্তি ও প্রতিষ্ঠানের ক্ষেত্রে এ বাধ্যবাধকতা থেকে ছাড় দেওয়া হতে পারে বলে জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সূত্রে জানা গেছে। আসন্ন বাজেটে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী এসংক্রান্ত প্রস্তাব দিতে পারেন। বর্তমানে দেশে বিপুলসংখ্যক ব্যাংক হিসাবধারী রয়েছেন, যাদের টিআইএন নেই। যদিও টিআইএন না থাকলে ব্যাংক আমানতের সুদের ওপর বেশি হারে উৎসে কর দিতে হয় , এতদিন টিআইএন নেওয়া বাধ্যতামূলক ছিল না। ব্যাংকারদের মতে, টিআইএন বাধ্যতামূলক করা হলে ব্যাংক হিসাবধারীর সংখ্যা এবং ব্যাংকিং চ্যানেলে লেনদেন - দুটিই কমে যেতে পারে। তবে কর বিশেষজ্ঞদের মতে , ব্যাংক হিসাব খোলা ও পরিচালনার ক্ষেত্রে টিআইএন বাধ্যতামূলক হলে ব্যাংক লেনদেনের ওপর নজরদারি বাড়বে এবং কর ফাঁকির সুযোগ কমবে। এদিকে এনবিআর ব্যাংকের তথ্যের সঙ্গে সরাসরি সংযুক্ত (ইন্টিগ্রেটেড) হওয়ার উদ্যোগ নিয়েছে। শুধু ব্যাংক নয় , জাতীয় পরিচয়পত্র (এনআইডি), ইউটিলিটি সেবা, সাব-রেজিস্ট্রি অফিসসহ বিভিন্ন সংস্থার তথ্যভাণ্ডারের সঙ্গেও অনলাইনভিত্তিক সংযুক্তি স্থাপনের পরিকল্পনা রয়েছে। করের আওতা বাড়াতে আরো কয়েকটি নতুন পদক্ষেপ বিবেচনা করছে এনবিআর। এর মধ্যে রয়েছে ১৫০ সিসি বা তার বেশি ক্ষমতাসম্পন্ন মোটরসাইকেল নিবন্ধনের ক্ষেত্রে টিআইএন বাধ্যতা মূলক করা, উৎসে কর কর্তনকারী প্রতিষ্ঠানগুলোর জন্য উইথহোল্ডার্স রেজিস্ট্রেশন নম্বর (উইন) চালু করা এবং খুচরা ব্যবসায়ীদের ওপর শূন্য দশমিক ২০ শতাংশ কর আরোপ। দেশে প্রায় ১৭ কোটি ব্যাংক হিসাব রয়েছে। তবে অনেক ব্যক্তি ও প্রতিষ্ঠানের একাধিক হিসাব থাকায় প্রকৃত হিসাবধারীর সংখ্যা কত, তার সুনির্দিষ্ট তথ্য পাওয়া যায়নি।
(রেডিও টুডে ওয়েব পেজ: ০৮.০৬.২০২৬ এলিনা)

## ঢাকায় ৫০ কোটি লিটার নিরাপদ পানি সরবরাহ সম্ভব হবে: মির্জা ফখরুল

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর এমপি বলেছেন , নারায়ণগঞ্জে বাস্তবায়নাধীন ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট প্রকল্পের কাজ দ্রুতগতিতে এগিয়ে চলছে। আগামী এক বছরের মধ্যেই এটি পুরোপুরি সম্পন্ন হবে। প্রকল্পটি পুরোপুরি চালু হলে ঢাকা মহানগরীতে দৈনিক ৫০ কোটি লিটার নিরাপদ পানি সরবরাহ করা সম্ভব হবে। সোমবার নারায়ণগঞ্জের রূপগঞ্জের গন্ধর্বপুরে `ঢাকা এনভায়রনমেন্টালি সাসটেইনেবল ওয়াটার সাপ্লাই প্রজেক্ট ডিইএসডব্লিউএসপি, প্রকল্প এলাকা পরিদর্শন শেষে সাংবাদিকদের সাথে আলাপকালে মন্ত্রী এসব কথা বলেন। বিএনপি মহাসচিব মির্জা ফখরুল বলেন , ”ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্টের প্রকল্পটির কাজ প্রায় শেষের দিকে। মূল শোধনাগার ও সংশ্লিষ্ট অবকাঠামোর প্রায় ৯৭ শতাংশ কাজ সম্পন্ন হয়েছে। সামান্য কিছু কাজ বাকি রয়েছে, দ্রুত কাজ শেষ করার নির্দেশনা দেওয়া হয়েছে। আশা করছি , আগামী এক বছরের মধ্যে এই প্রকল্পের কাজ সম্পন্ন হবে। „ মন্ত্রী

জানান, প্রায় ১০ হাজার কোটি টাকা ব্যয়সাপেক্ষ প্রকল্পটি সফলভাবে বাস্তবায়িত হলে ঢাকার ভূগর্ভস্থ পানির ওপর নির্ভরতা উল্লেখযোগ্য হারে হ্রাস পাবে। ভূগর্ভস্থ পানির ওপর নির্ভরতা কমিয়ে আমাদের এভাবে পানি ব্যবহারের দিকে যেতে হবে তিনি আরও বলেন , ”প্রথম পর্যায়ের কাজ শেষ হওয়ার পর আমরা আরেকটি প্রকল্প গ্রহণের পরিকল্পনা করছি, যেখান থেকে আরও ৫০ কোটি লিটার পানি ঢাকা শহরে সরবরাহ করা যাবে। এই দুটি প্রকল্প মিলে প্রতিদিন ১০০ কোটি লিটার সারফেস ওয়াটার সরবরাহ করা সম্ভব হবে। „ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা জানিয়েছেন, এই প্রকল্পের মাধ্যমে প্রায় ৪৩ লাখ মানুষ সরাসরি উপকৃত হবে। একই সাথে শীতল ক্ষ্যা নদীর দূষণজনিত ঝুঁকি মোকাবিলাসহ ঢাকার দীর্ঘমেয়াদি ও পরিবেশবান্ধব পানি ব্যবস্থাপনা নিশ্চিত করতে এই প্রকল্প গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে কাজ করবে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৮.০৬.২০২৬ আসাদ)

## ২০২টি দেশে পণ্য রপ্তানি করেছে বাংলাদেশ : বাণিজ্যমন্ত্রী

বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির জানিয়েছেন, ২০২৪-২৫ অর্থবছরে বাংলাদেশ বিশ্বের ২০২টি দেশে পণ্য রপ্তানি করেছে। সোমবার সংসদে জামালপুর -৩ আসনের সরকারি দলের সদস্য মো . মোস্তাফিজুর রহমান বাবুলের লিখিত প্রশ্নের জবাবে তিনি রপ্তানি বাজার সম্প্রসারণ এবং একটি খাতের ওপর নির্ভ রশীলতা কমাতে সরকারের গৃহীত বিভিন্ন উদ্যোগের বিস্তারিত তুলে ধরেন। মন্ত্রী বলেন, দেশের মোট রপ্তানি আয়ের প্রায় ৮৪ শতাংশ তৈরি পোশাক খাত থেকে আসে। এ নির্ভরতা কমাতে সরকার চামড়া ও চামড়াজাত পণ্য , পাট ও পাটজাত পণ্য, কৃষিপণ্য, ঔষধশিল্প, আইসিটি ও সফটওয়্যার সেবা , লাইট ইঞ্জিনিয়ারিং পণ্য , হিমায়িত খাদ্য ও মাছ এবং প্লাস্টিক পণ্যের মতো সম্ভাবনাময় খাতগুলোকে একই ধরনের নীতিগত সহায়তা দিচ্ছে। তিনি জানান, জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনার আলোকে এসব খাতের আংশিক রপ্তানিকারকদের ব্যাংক গ্যারান্টির বিপরীতে বন্ড সুবিধা দেওয়া হয়েছে। আঞ্চ লিক রপ্তানি বৃদ্ধি ও পণ্যের বৈচিত্র্য আনতে জাপানের `ওয়ান ভিলেজ ওয়ান প্রোডাক্ট , মডেলের আদলে `ওয়ান ডিস্ট্রিক্ট ওয়ান প্রোডাক্ট কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। খন্দকার আব্দুল মুক্তাদির বলেন , স্বল্পোন্নত দেশের তালিকা থেকে বাংলাদেশের উত্তরণের ফলে অগ্রাধিকারমূলক বা জার সুবিধা হারানোর আশঙ্কা রয়েছে , যা প্রায় ১৭ দশমিক ৫ বিলিয়ন মার্কিন ডলারের রপ্তানিকে প্রভাবিত করতে পারে। এই চ্যালেঞ্জ মোকাবিলায় বাংলাদেশ ইতোমধ্যে জাপানের সঙ্গে অর্থনৈতিক অংশীদারি চুক্তি স্বাক্ষর করেছে। এ ছাড়া দক্ষিণ কোরিয়ার সঙ্গে সিইপিএ চুক্তির আলোচনা চল ছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:০৮.০৬.২০২৬ আসাদ)

## নতুন শিক্ষাক্রমে যুক্ত হচ্ছে ৪ বিষয়

সরকারের ২০২৮ সাল থেকে চালু হতে যাওয়া নতুন শিক্ষাক্রম পরিকল্পনায় নতুন চারটি বিষয় যুক্ত করার কথা জানিয়েছেন শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। সোমবার বিকালে সচিবালয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে সংবাদ সম্মেলনে এসে নতুন শিক্ষাক্রম নিয়ে বিভিন্ন পরিকল্পনা তুলে ধরেন এহছানুল হক মিলন। এর মধ্যে ক্রীড়া ও সংস্কৃতি নিয়ে দুটি বিষয় পড়তে হবে চতুর্থ শ্রেণি থেকে। আর ষষ্ঠ শ্রেণি থেকে যুক্ত হবে `কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা, এবং `লার্নিং উইথ হ্যাপিনেস,। এছাড়া নতুন শিক্ষাক্রমে বাংলা ও ইংরেজি ছাড়াও তৃতীয় ভাষা শিক্ষায় গুরুত্ব দেওয়া হবে। সেক্ষেত্রে কোনো একটি বিষয়ের সঙ্গে `বড়ো অধ্যায়, যুক্ত হতে পারে। তিনি বলেন, ”আমরা প্রথমত বিদ্যমান শিক্ষাক্রমকে সঠিকভাবে পরিমার্জন করে , বাস্তবসম্মতভাবে এটাকে আমরা রিভাই জ করে ২০২৭ সালে দিচ্ছি। আর টোটাল চেইঞ্জ যেটা আশা করছেন , সেটা আমরা কাজ শুরু করেছি। ২০২৮ সালে গিয়ে আপনারা সেটা দেখতে পারবেন, এখন নয়। কারিকুলাম খুব সুন্দর হচ্ছে এবং চারটি নতুন বিষয় যুক্ত হচ্ছে। „ এর আগে প্রধানমন্ত্রীর শিক্ষা, প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক উপদেষ্টা মাহদী আমিন নতুন শিক্ষাক্রমে চারটি নতুন বিষয় অন্তর্ভুক্ত হওয়ার কথা জানান।
(রেডিও টুডে ওয়েব পেজ:০৮.০৬.২০২৬ আসাদ)

## নির্বাচনের পরের দিনই বিসিবি পরিচালকের পদত্যাগ

গতকাল অনুষ্ঠিত হয়েছে বাংলাদেশ ক্রিকেট বোর্ডের পরিচালনা পর্ষদের নির্বাচন। যেখানে পরিচালক পদে রাজ শাহী অঞ্চল থেকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছিলেন মীর শাকরুল আলম সীমান্ত। আজ সোমবার নতুন বোর্ডপ্রধান তামিম ইকবাল বরাবর পদত্যাগপত্র জমা দেন বগুড়ার এই ক্রীড়া সংগঠক। পদত্যাগের কারণ হিসেবে তিনি ব্যাবসায়িক ব্যস্ততার কথা উল্লেখ করেন। মীর সীমান্ত ক্ষমতাসী ন বিএনপি সরকারের স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলমের ছেলে। পদত্যাগপত্রে মীর সীমান্ত লিখেছেন , ”বিসিবি নির্বাচনে রাজশাহী অঞ্চল থেকে আমি বিনা প্রতিদ্বন্দ্বিতায় পরিচালক নির্বাচিত হয়েছি। তবে আমার বাবা সরকারের প্রতিমন্ত্রী হওয়ায় বর্তমা নে পারিবারিক ব্যবসা-বাণিজ্যের গুরুত্বপূর্ণ দায়িত্ব আমার ওপর ন্যস্ত রয়েছে। এ কারণে বিসিবির মতো গুরুত্বপূর্ণ জাতীয় প্রতিষ্ঠানে পরিচালকের দায়িত্ব যথাযথভাবে পালন করা আমার পক্ষে সম্ভব হবে না। „ মীর সীমান্ত আরো উল্লেখ করেছেন, দায়িত্বশীলতার জায়গা থেকে এবং প্রতিষ্ঠা নের স্বার্থ বিবেচনায় তিনি পরিচালকের পদ থেকে সরে দাঁড়ানোর সিদ্ধান্ত নিয়েছেন। একইসঙ্গে তার পদত্যাগপত্র গ্রহণের জন্য বিসিবি সভাপতির (তামিম ইকবাল) প্রতি অনুরোধ জানিয়েছেন। (রেডিও টুডে ওয়েব পেজ:০৮.০৬.২০২৬ আসাদ)

## চাকরির কথা বলে রাশিয়ায় পাঠিয়ে পরে যুদ্ধক্ষেত্রে ৩ এজেন্সির লাইসেন্স স্থগিত

কাজের প্রতিশ্রুতি দিয়ে বাংলাদেশি কর্মীদের রাশিয়ায় পাঠানোর পর ইউক্রেন যুদ্ধে সম্পৃক্ত করার অভিযোগে তিনটি রিক্রুটিং এজেন্সির লাইসেন্স স্থগিত করেছে সরকার। একইসঙ্গে সংশ্লিষ্ট এজেন্সিগুলোর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে বলে জানিয়েছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী নুরুল হক। সোমবার জাতীয় সংসদের প্রশ্নোত্তর পর্বে ময়মনসিংহ-৬ আসনের সংসদ সদস্য কামরুল হাসানের এক সম্পূরক প্রশ্নের জবাবে তিনি এ তথ্য জানান। প্রতিমন্ত্রী বলেন, কাজের কথা বলে রাশিয়ায় পাঠানো ৩০ জন বাংলাদেশিকে যুদ্ধে সম্পৃক্ত করা হয়েছে বলে তাদের পরিবার সরকারের কাছে অভিযোগ করেছে। অভিযোগ পাওয়ার পরই সংশ্লিষ্ট তিনটি রিক্রুটিং এজেন্সির লাইসেন্স স্থগিত করা হয়েছে এবং তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলমান রয়েছে। তবে তিনি বলেন, রাশিয়া-ইউক্রেন যুদ্ধে জড়িত অনেক বাংলাদেশি সরাসরি বাংলাদেশ থেকে যাননি ; তারা তৃতীয় কোনো দেশ হয়ে সেখানে গেছেন। এ ধরনের ক্ষেত্রে সরকারের করণীয় সীমিত।
(রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৬.২০২৬ আসাদ)

## সাবেক এমপি আনার হত্যা মামলার আসামি শিমুল জামিন পেলেন হাইকোর্টে

ভারতের কলকাতায় সাবেক সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনারকে অপহরণ ও হত্যা মামলার আসামি আমান উল্লাহ সাঈদ ওরফে শিমুল ভুঁইয়াকে অন্তর্বর্তীকালীন জামিন দিয়েছেন হাইকোর্ট। সোমবার হাইকোর্টের একটি বেঞ্চ এ আদেশ দিয়ে রুল জারি করেন। আদালত সূত্রে জানা গেছে, মামলায় গ্রেফতার হয়ে কারাগারে থাকা শিমুল ভুঁইয়ার জামিন আবেদনের শুনানি শেষে আদালত তাকে সাময়িক জামিন দেন। একই সঙ্গে সংশ্লিষ্ট বিষয়ে রুল জারি করা হয়েছে। ২০২৪ সালের ১৩ মে তৎকালীন সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনারকে কলকাতার নিউ টাউন এলাকার একটি ফ্ল্যাটে হত্যা করে মরদেহ খণ্ডিত করা হয়। এ ঘটনায় ওই বছরের ২২ মে ঢাকার শের-ই-বাংলা নগর থানায় মামলা করেন তার মেয়ে মুমতারিন ফেরদৌস ডরিন। (রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৬.২০২৬ আসাদ)

## ফেসবুক থেকে ক্ষতিকর কনটেন্ট অপসারণে বাধ্য করতে আইন সংশোধন হচ্ছে: স্বরাষ্ট্রমন্ত্রী

ফেসবুকের মূল প্রতিষ্ঠান মেটাসহ আন্তর্জাতিক প্রযুক্তি প্ল্যাটফর্মগুলোকে ক্ষতিকর কনটেন্ট অপসারণে নির্দিষ্ট সময়সীমার মধ্যে ব্যবস্থা নিতে বাধ্য করার বিধানও সাইবার সুরক্ষা আইনে আনা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। সোমবার ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশনের দ্বিতীয় দিন কার্যপ্রণালির ৭১ বিধিতে দেওয়া জরুরি জন-গুরুত্বপূর্ণ বিষয়ে মনোযোগ আকর্ষণের নোটিশের ওপর আলোচনায় সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য হেলেন জেরিন খানের বক্তব্যের জবাবে এই কথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী। মন্ত্রী বলেন, "সামাজিক যোগাযোগমাধ্যমে গুজব, অপতথ্য, মানহানিকর কনটেন্ট এবং কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করে তৈরি বিভ্রান্তিকর ছবি, ভিডিও ও অডিও ঠেকাতে সাইবার সুরক্ষা আইন সংশোধনের উদ্যোগ নেয়া হচ্ছে।" সংসদে হেলেন জেরিন খান সামাজিক যোগাযোগমাধ্যমে ভুয়া আইডি, বট নেটওয়ার্ক, এআই দিয়ে তৈরি ভুয়া কনটেন্ট, নারী ও শিশুদের অনলাইন হয়রানি এবং রাজনৈতিক ব্যক্তিত্বদের বিরুদ্ধে অপপ্রচারের বিষয়টি সংসদে তোলেন। হেলেন জেরিন খান বলেন, "বিভিন্ন সামাজিক যোগাযোগমাধ্যম, বিশেষ করে ফেসবুকে ভুয়া পরিচয়ে অসংখ্য অ্যাকাউন্ট ও পেজ পরিচালিত হচ্ছে। সংগঠিত বট নেটওয়ার্কের মাধ্যমে কৃত্রিমভাবে জনমত প্রভাবিত করার চেষ্টা করা হচ্ছে। এআই ব্যবহার করে ভুয়া ছবি, ভিডিও ও অডিও তৈরি করে ব্যক্তি, প্রতিষ্ঠান, রাজনৈতিক দল এবং রাষ্ট্রের বিরুদ্ধে উদ্দেশ্যপ্রণোদিত অপপ্রচার চালানো হচ্ছে।" জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেন, "কিছুদিন ধরে সামাজিক যোগাযোগমাধ্যমে সরকারের প্রধান, তার স্ত্রী ও কন্যাসহ রাজনৈতিক ব্যক্তিত্ব এবং সমাজের গুরুত্বপূর্ণ ব্যক্তিদের পরিবারকে লক্ষ্য করে বিভিন্ন কনটেন্ট ছড়ানো হচ্ছে।" স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, "স্বাধীনতার নামে এবং মতপ্রকাশের স্বাধীনতার নামে যে-সব কনটেন্ট সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশিত হচ্ছে, সেটা আসলেই মতপ্রকাশের স্বাধীনতা কিনা, সেটা পুনরায় সংজ্ঞায়িত করা দরকার।"(রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৬.২০২৬ আসাদ)

## তনু হত্যা মামলা; দুই সাবেক সেনা সদস্যের বিরুদ্ধে ইন্টারপোলে রেড নোটিশ জারির আদেশ

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজের ছাত্রী সোহাগী জাহান তনু হত্যা মামলায় সাবেক সার্জেন্ট জাহিদ এবং সাবেক সৈনিক শাহীন আলমের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি ও আন্তর্জাতিক পুলিশ সংস্থা ইন্টারপোলের মাধ্যমে রেড নোটিশ জারির নির্দেশ দিয়েছেন আদালত। সোমবার বিকেলে কুমিল্লার সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ১ নম্বর আমলি আদালতের বিচারক মো. মুমিনুল হক এ আদেশ দেন। বিষয়টি নিশ্চিত করেছেন কুমিল্লা আদালত পুলিশের পরিদর্শক মোহাম্মদ মামুনুর রশীদ। আদালত সূত্রে জানা যায়, গত ২২ এপ্রিল রাজধানীর কেরানীগঞ্জ এলাকা থেকে সন্দেহভাজন হিসেবে সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত ওয়ারেন্ট অফিসার হাফিজুর রহমানকে গ্রেফতার করে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই)। একই দিন ঢাকায় সিআইডির ডিএনএ ল্যাবে তার নমুনা সংগ্রহ করা হয়। পরে তাকে আদালতে হাজির করে সাত দিনের রিমান্ড আবেদন করলে আদালত তিনদিনের রিমান্ড মঞ্জুর করেন। রিমান্ডে তাকে

পিবিআইয়ের বিশেষ ইউনিটে জিজ্ঞাসাবাদ করা হয়। পরবর্তীতে মামলার তদন্ত কর্মকর্তা পি বিআই পরিদর্শক তারিকুল ইসলাম আদালতে আবেদন করে সন্দেহভাজন দুই সাবেক সেনাসদস্যের বিরুদ্ধে গ্রে ফতারি পরোয়ানা এবং ইন্টারপোলের মাধ্যমে রেড নোটিশ জারির নির্দেশনা চান। সেই আবেদনের শুনানি শেষে আদালত এ আদেশ দেন। (রেডিও টুডে ওয়েব পেজ:০৭.০৬.২০২৬ আসাদ)

# BBC

**AT LEAST 32 DEAD AFTER MAJOR EARTHQUAKE STRIKES SOUTHERN PHILIPPINES**

At least 32 people have died after a magnitude -7.8 earthquake struck off the coast of Mindanao island in the southern Philippines, officials say. The quake hit at 07:37 local time on Monday, triggering tsunami alerts in the Philippines, Indonesia, Japan and Australia. Some of those were cancelled hours later. Videos and images showed buildings collapsing, including a clip of a Jollibee fast food restaurant reduced to rubble, and landslides have been recorded in some areas. More than 100 people have been injured across several provinces, almost two dozen are missing, and 10,000 residents have been pre-emptively evacuated, authorities have said. Mindanao is the Philippines second-biggest island - both in size and population - and is home to around 26 million people.
(BBC News Web Page: 08/06/26, FARUK)

**ARMENIA'S PRO-WEST GOVERNMENT WINS ELECTION DESPITE RUSSIAN PRESSURE**

Armenian Prime Minister Nikol Pashinyan's party has won a crucial election billed as being key in deciding whether the country continues to move closer to the West. Pashinyan's centrist Civil Contract Party secured 49.8% of the vote, with the Strong Armenia Alliance coming in second with 23.2%. The Armenia Alliance was third with 9.9%. Sunday's vote was the first general election since Armenia, a small South Caucasus country of three million people, suffered a crushing military defeat by Azerbaijan in 2023. It was viewed as a test of the prime minister's push to deepen ties with the West while facing mounting economic pressure from Russia, its largest trading partner and traditional ally. Pashinyan, who has been in power since 2018, declared victory on Monday after early results showed his party had secured more than 50% of the vote. (BBC News Web Page: 08/06/26, FARUK)

**ZELENSKY'S CLOSE EUROPEAN ALLIES SET OUT FIVE CONDITIONS FOR PEACE TALKS**

The leaders of Ukraine and its close European allies - the UK, France and Germany - have set out five conditions for reaching a "just and lasting" deal to end the war with Russia. In a joint statement after talks in London, Volodymyr Zelensky, UK Prime Minister Sir Keir Starmer, French President Emmanuel Macron and German Chancellor Friedrich Merz said they would "stand firmly with Ukraine". The five conditions include a stop to the fighting, starting negotiations from the current position in the field as well as "robust" security guarantees for Ukraine. The leaders reiterated the need for the US to be part of the process at a time when US President Donald Trump's focus has shifted to the war with Iran.
(BBC News Web Page: 08/06/26, FARUK)

**MALAWIANS REPATRIATED FROM SOUTH AFRICA AMID XENOPHOBIA CONCERNS**

A group of 150 Malawians repatriated from South Africa amid growing worries about xenophobia are due to arrive by road in their home country on Monday, the Malawian authorities have said. The repatriation follows violence in South Africa's Western Cape Province where there were reports just over a week ago of door-to-door intimidation, as well as the deaths of two Mozambicans in Mossel Bay. The Malawians were "among a number of foreign nationals" who had "sought refuge in temporary camps" in Mossel Bay, according to a statement from Lilongwe. Ghana, Nigeria and Zimbabwe have also organized repatriation flights and transport after raising concerns about xenophobia in South Africa. Anti-migrant groups are demanding undocumented migrants leave the country - and have set 30 June as a deadline. (BBC News Web Page: 08/06/26, FARUK)

**STOCK MARKETS FALL ON TECH PLUNGE AND RENEWED MIDDLE EAST ATTACKS**

Global stock markets have fallen after a sharp sell-off in technology shares led to some bruising falls in Asia. South Korea's stock market was forced to halt trading for 20 minutes on Monday after the Kospi index plunged by nearly 9% within minutes of opening. The Kospi eventually closed down 8.3%, while Japan's Nikkei index fell by 3.8%. European markets

opened lower, but saw much smaller falls than those seen in Asia. Markets were also rattled by a rise in oil prices, fuelling concerns of inflation, after Iran and Israel exchanged strikes for the first time since a ceasefire was agreed between the sides and the US in April.
(BBC News Web Page: 08/06/26, FARUK)

**SOUTH AFRICA'S PRESIDENT UNVEILS CRACKDOWN ON ILLEGAL MIGRATION**

South Africa's President Cyril Ramaphosa has addressed the nation to announce a raft of new measures to crackdown on illegal migration as tensions rise over anti-foreigner marches and frustration about high unemployment. These steps include jailing employers who hire undocumented workers, setting up dedicated courts to speed up deportations of undocumented migrants and having a register with biometric data "for every person in the country" to stamp out identity theft. But he also warned South Africans not to take the law into their own hands. Over the last few weeks, several African nations have been organizing the evacuation of some of their nationals as fears of violence grow.
(BBC News Web Page: 08/06/26, FARUK)

**ISRAEL STRIKES BEIRUT SUBURB DAYS AFTER US-BROKERED TRUCE**

Israel has hit southern Beirut in the first attack on the Lebanese capital since a truce brokered by the US last week. Two air strikes on two apartment buildings in a stronghold of Iran-backed Hezbollah killed two people and injured at least 20, including women and children, Lebanon's health ministry said. Prime Minister Benjamin Netanyahu said Israel had struck "terrorist headquarters in the Dahieh district of Beirut, in response to Hezbollah's firing at Israeli territory". Israel had limited its Beirut attacks under US pressure over concerns strikes there could put a wider peace deal in jeopardy. But on Sunday night, Iran fired missiles at Israel, which it said was a response to Israel's increasing attacks in southern Lebanon and Beirut's suburbs. (BBC News Web Page: 08/06/26, FARUK)

**PAKISTAN PM URGES RESTRAINT 'WHEN FINAL OBJECTIVE IS ABOUT TO BE ACHIEVED'**

Pakistan's prime minister Shehbaz Sharif is urging "all sides" to exercise restraint in the pursuit of peace, especially when "the final objective is just about to be achieved", in a message on social media. Iran's military said it would stop strikes on Israel earlier, but warned that if attacks on Lebanon continue that it would respond more severely than before. Israeli media has also reported that Israel would stop attacks on Iran "at Trump's request". In a post on X, Shehbaz Sharif says: "The recent surge in violence in the Middle East is a stark reminder of the dangers associated with a tenuous ceasefire and the unbearable consequences it may lead to. Pakistan has been a key mediator between Iran and the US. One round of negotiations between Iranian and US delegations mediated through Pakistan happened on 11-12 April in Islamabad. (BBC News Web Page: 08/06/26, FARUK)

**EUROPEAN UNION SANCTIONS IRAN OVER STRAIT OF HORMUZ**

The European Union (EU)'s foreign policy chief says member states have sanctioned Iran over"restricting naval traffic" in the Strait of Hormuz. In a post on X, Kaja Kallas says: "The Middle East is stuck in phases of peace talks and fragile ceasefires. "Tehran's drones continue to threaten maritime traffic in the Strait of Hormuz. Ministers were clear that Iran's actions are unacceptable. "In response, EU Member States in Brussels on Monday sanctioned Iranians over restricting naval traffic in the Strait." She says the EU has sanctioned Iranian individuals and entities involved in the disruption. Kallas says this is the first time the EU is applying its new freedom of navigation sanctions regime.
(BBC News Web Page: 08/06/26, FARUK)

## :: THE END ::